কিস্তি! কিস্তি!! কিস্তি!!!
minister
টাকা ছাড়াই পণ্য নিন
মাসে মাসে কিস্তি দিন
এসি, ফ্রিজ ও এলইডি টিভিতে চলছে
0% ডাউন পেমেন্টে সহজ কিস্তি সুবিধা
*শর্ত প্রযোজ্য বিস্তারিত: 09606 700700

১৯৯২ সালের ১ জানুয়ারী থেকে প্রকাশিত
দৈনিক
# এই আমার দেশ
Daily Eai Amar Desh e-paper.eaiamardesh.com www.eaiamardesh.com

minister ফ্রিজ
ফ্রিজ দৈনিক কিস্তি
৳১০০ মাত্র
*শর্ত প্রযোজ্য বিস্তারিত: 09606 700700

বুধবার
বর্ষ ৩২ ॥ সংখ্যা ১৪৬ ॥ রেজি:নং– কেএন ২৮৯ ॥ ২৪ জ্যৈষ্ঠ ১৪৩০ ॥ ১৭ জিলকদ ১৪৪৪ হিজরী ॥ পৃষ্ঠা-৪ ॥ মূল্য ৫ টাকা
০৭ জুন ২০২৩



## ঐতিহাসিক ছয় দফা দিবস আজ

**নিজস্ব প্রতিবেদক :** আজ ৭ জুন ঐতিহাসিক ছয় দফা দিবস। ১৯৬৬ সালের এই দিনে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ঘোষিত বাঙালি জাতির মুক্তির সনদ ৬ দফা দাবির পক্ষে দেশব্যাপী তীব্র গণআন্দোলনের সূচনা হয়।
এই দিনে আওয়ামী লীগের ডাকা হরতালে টঙ্গি, ঢাকা ও নারায়ণগঞ্জে তৎকালীন পুলিশ ও ইপিআর-এর গুলিতে মনু মিয়া, শফিক ও শামসুল হকসহ ১১ জন বাঙালি শহীদ হন। এরপর থেকেই বঙ্গবন্ধুর নেতৃত্বে আপোসহীন সংগ্রামের ধারায় ঊনসত্তরের গণঅভ্যুত্থানের দিকে এগিয়ে যায় পরাধীন বাঙালি জাতি।
প্রতিবছরের মত এবারও যথাযোগ্য মর্যাদায় বিভিন্ন কমূসূচির মধ্য দিয়ে দিবসটি পালিত হবে। ঐতিহাসিক এই দিনটি উপলক্ষে আওয়ামী লীগসহ অন্যান্য সংগঠন বিস্তারিত কর্মসূচি গ্রহন করেছে।
আওয়ামী ২-এর পাতায় দেখুন

## ছয় দিনের তুরস্ক সফর শেষে দেশে ফিরেছেন রাষ্ট্রপতি

**নিজস্ব প্রতিবেদক :** রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন তুরস্কের প্রেসিডেন্ট রিসেপ তাইয়েপ এরদোগানের শপথ অনুষ্ঠানে যোগদানসহ তুরস্কে ছয় দিনের সফর শেষে আজ শুক্রবার দেশে ফিরেছেন।
রাষ্ট্রপতি, তাঁর পত্নী ড. রেবেকা সুলতানাসহ সফর সঙ্গীদেরকে বহনকারী ২-এর পাতায় দেখুন



## শ্রম আইন লঙ্ঘন মামলায় ড. ইউনূসের বিচার শুরু

**নিজস্ব প্রতিবেদক :** শ্রম আইন লঙ্ঘন মামলায় নোবেলজয়ী ড. মুহাম্মদ ইউনূসের বিরুদ্ধে অভিযোগ গঠন করে বিচার শুরুর নির্দেশ দিয়েছেন আদালত।
এর আগে, এ মামলায় ঢাকার তৃতীয় শ্রম আদালতে হাজির হন ড. ইউনূস। গতকাল ২-এর পাতায় দেখুন



## মার্কিন রাষ্ট্রদূত পিটার হাসের সঙ্গে মির্জা ফখরুলের বৈঠক

**নিজস্ব প্রতিবেদক :** ঢাকায় নিযুক্ত মার্কিন রাষ্ট্রদূত পিটার হাসের সঙ্গে বৈঠক করেছেন বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর।
গতকাল মঙ্গলবার দুপুর ১টা ১০ মিনিটে মার্কিন দূতাবাসে প্রবেশ করেন বিএনপি মহাসচিব। দুপুর আড়াইটায় ২-এর পাতায় দেখুন



# মূল্যস্ফীতি কমাতে প্রয়োজনীয় ব্যবস্থা নেয়ার নির্দেশ প্রধানমন্ত্রীর

**নিজস্ব প্রতিবেদক :** দ্রব্যমূল্য নিয়ে জনগণের কষ্ট লাঘব এবং মূল্যস্ফীতি কমাতে সংশ্লিষ্টদের প্রয়োজনীয় ব্যবস্থা নেয়ার নির্দেশ দিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
মঙ্গলবার (৬ জুন) জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটির (একনেক) সভায় এ নির্দেশনা দিয়েছেন প্রধানমন্ত্রী।
রাজধানীর শেরেবাংলা নগরের এনইসি সম্মেলন কক্ষে একনেক সভা অনুষ্ঠিত হয়। এতে সভাপতিত্ব করেন প্রধানমন্ত্রী ও



একনেক চেয়ারপারসন শেখ হাসিনা। সভা-পরবর্তী সংবাদ সম্মেলনে প্রধানমন্ত্রীর কথা তুলে ধরেন পরিকল্পনামন্ত্রী এম এ মান্নান।
প্রধানমন্ত্রী বলেন, প্রয়োজনীয় আমদানি স্পর্শকাতর পণ্যের মজুদ বাড়াতে হবে। এ বিষয়ে টিসিবিকে আরও শক্তিশালী করতে হবে। মূল্যস্ফীতি নিয়ন্ত্রণে অর্থনৈতিক কলাকৌশল কাজে লাগিয়ে যথাযথ ব্যবস্থা নিতে ২-এর পাতায় দেখুন

# তাপপ্রবাহ চলবে আরো কিছুদিন তাপমাত্রা উঠতে পারে ৪৫ ডিগ্রিতে

**নিজস্ব প্রতিবেদক :** চলতি বছর অন্যান্য বছরের চেয়ে তাপের তীব্রতা ক্রমশ বাড়ছে। অসহনীয় গরমে পুড়ছে দেশ। বৃষ্টি নেই। আবহাওয়ার এমন বৈরিভাব নিকট অতীতে দেখা যায়নি। দেশজুড়ে বয়ে যাওয়া প্রচন্ড তাপপ্রবাহ খুব জলদি মুক্তি পাচ্ছে না দেশবাসী।



আবহাওয়া অধিদফতর জানিয়েছে, আগামী সপ্তাহধিককালেরও বেশি গরম অব্যাহত থাকবে। গত কয়েক দিনে স্বাভাবিকের তুলনায় ৩ থেকে ৪ ডিগ্রি সেলসিয়াস বেশি তাপদাহ রেকর্ড হয়েছ। আপাতত মুক্তি নেই জ্বালাপোড়া গরম থেকে। বর্ষাবাহী মৌসুমি বায়ু এখনো প্রবেশ করেনি দেশে। মৌসুমী বায়ু প্রবেশের পর ক্রমশ তাপদাহ কমবে।
এদিকে কানাডার সাসকাচুয়ান বিশ্ববিদ্যালয়ের আবহাওয়া ও জলবায়ু বিষয়ক পিএইচডি গবেষক মোস্তফা কামাল পলাশ বিশ্বের বিভিন্ন দেশের মডেল বিশ্লেষণ করে জানিয়েছেন, চলতি তাপপ্রবাহ চলার আশঙ্কা রয়েছে ১৪ জুন পর্যন্ত। ইউরোপীয়ান মডেল অনুসারে ৯ জুন রাজশাহী বিভাগের কোন কোন জেলায় তাপমাত্রা ৪৫ ডিগ্রি সেলসিয়াস পর্যন্ত উঠতে পারে। ১৪ জুন পর্যন্ত সিলেট, চট্টগ্রাম বিভাগ ছাড়া অন্য বিভাগগুলোতে বৃষ্টির সম্ভাবনা অতি সামান্য। আবহাওয়া ২-এর পাতায় দেখুন

## ছয়-দফা দিবস উপলক্ষে আওয়ামী লীগের কর্মসূচি

**নিজস্ব প্রতিবেদক :** আজ ৭ জুন ঐতিহাসিক ছয়-দফা দিবস উপলক্ষে বিস্তারিত কর্মসূচি গ্রহণ করেছে আওয়ামী লীগ।
ঐতিহাসিক ৬-দফা দিবস উপলক্ষে আওয়ামী লীগ গৃহীত কর্মসূচির মধ্যে রয়েছে, সূর্য উদয় ক্ষণে বঙ্গবন্ধু ভবন, কেন্দ্রীয় কার্যালয় ও দেশব্যাপী দলীয় কার্যালয়ে জাতীয় ও দলীয় পতাকা উত্তোলন। সকাল ৭ টায় বঙ্গবন্ধু ভবন প্রাঙ্গণে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে শ্রদ্ধাঞ্জলি নিবেদন।
এছাড়াও বিকেল সাড়ে ৩ টায় আওয়ামী লীগের উদ্দ্যগে বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে এক আলোচনা সভা অনুষ্ঠিত হবে। সভায় ২-এর পাতায় দেখুন

# ঐতিহাসিক ৬ দফা দাবি থেকে শিক্ষা নিয়ে দেশপ্রেমে উদ্বুদ্ধ হতে হবে : আব্দুল হাই এমপি

**নিজস্ব প্রতিবেদক :** ঝিনাইদহ জেলা আওয়ামী লীগের সভাপতি, ঝিনাইদহ-১ আসন থেকে বার বার নির্বাচিত সংসদ সদস্য, মুক্তিযুদ্ধে ঝিনাইদহের প্রথম পতাকা উত্তোলনকারী, সাবেক প্রতিমন্ত্রী, বীর মুক্তিযোদ্ধা আব্দুল হাই এমপি বঙ্গবন্ধুর ঐতিহাসিক ৬ দফা দাবি থেকে শিক্ষা নিয়ে দেশপ্রেমে উদ্বুদ্ধ হওয়ার জন্য তরুণ প্রজন্মের প্রতি আহবান জানিয়েছেন।
তিনি বলেন, 'ঐতিহাসিক ৬-দফা কেবল বাঙালি জাতির মুক্তিসনদ নয়, সারা বিশ্বের নিপীড়িত নির্যাতিত মানুষের মুক্তি আন্দোলনের অনুপ্রেরণার উৎস। আমি বিশ্বাস করি তরুণ প্রজন্ম বঙ্গবন্ধুর ৬-দফার দাবি থেকে শিক্ষা নিয়ে দেশপ্রেমে উদ্বুদ্ধ হবে।'



আব্দুল হাই এমপি ঐতিহাসিক ৬-দফা দিবস উপলক্ষ্যে এক বাণীতে এসব কথা বলেন।
বাংলাদেশের মুক্তিসংগ্রাম ও স্বাধীনতার ইতিহাসে ১৯৬৬ সালের ৬-দফা একটি অন্যতম মাইলফলক একথা উল্লেখ করে তিনি বলেন, ১৯৬৬ সালের ৭ জুন জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ঐতিহাসিক ৬-দফা ঘোষণা করেন।
রাষ্ট্রপতি এ মহান দিনে জাতির পিতার প্রতি গভীর শ্রদ্ধা নিবেদনের পাশাপাশি ৬-দফা দাবি বাস্তবায়নের জন্য যাঁরা জীবন দিয়েছেন তাঁদের স্মৃতির প্রতি জানান বিনম্র শ্রদ্ধা।
আব্দুল হাই এমপি বলেন, বাঙালির স্বাধীনতা দীর্ঘ সংগ্রামের ২-এর পাতায় দেখুন

## জেলায় জেলায় বিদ্যুৎ অফিসের সামনে বিএনপির অবস্থান ৮ জুন

**নিজস্ব প্রতিবেদক :** দেশে ভয়াবহ লোডশেডিং এবং বিদ্যুৎ ক্ষেত্রে ভয়াবহ দুর্নীতির প্রতিবাদে আগামী ৮ই জুন বৃহস্পতিবার সারাদেশে জেলা পর্যায়ে বিদ্যুৎ অফিসের সামনে অবস্থান কর্মসূচি পালন করবে বিএনপি। মঙ্গলবার দুপুরে নয়াপল্টনে বিএনপির কেন্দ্রীয় কার্যালয়ে অনুষ্ঠিত এক সংবাদ সম্মেলনে সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী দলের এই কর্মসূচি ঘোষণা করেন।
রিজভী বলেন, গতকাল দলের স্থায়ী কমিটির সভায় এ সিদ্ধান্ত নেয়া হয়েছে। বিদ্যুতের ভয়াবহ লোডশেডিং এবং বিদ্যুৎ ক্ষেত্রে দুর্নীতির প্রতিবাদে আগামী ৮ই জুন জেলা পর্যায়ের বিদ্যুৎ অফিসের সামনে ২-এর পাতায় দেখুন




## খুলনায় দৈনিক যায়যায়দিনের ১৮ তম প্রতিষ্ঠাবার্ষিকী পালিত

**নিজস্ব প্রতিবেদক :** যায়যায়দিনের ১৮ তম বর্ষে পদার্পণ উপলক্ষে গতকাল মঙ্গলবার সকাল ১১টায় খুলনা অফিসে আয়োজিত অনুষ্ঠানে কেক কাটেন খুলনা মহানগর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এম ডি এ বালুল রানা। তিনি বলেন, সত্য ও বস্তনিষ্ঠ সংবাদ প্রকাশের অঙ্গীকার নিয়ে ১৮ বছর আগে যায়যায়দিন যাত্রা শুরু করে। অতি অল্প সময়ের মধ্যে পত্রিকাটি অভাবনীয় জনপ্রিয় হয়ে ওঠে সাহসী ও খবরের পেছনের সঠিক তথ্য তুলে ধরে এবং নিরপেক্ষ সংবাদ প্রকাশের মধ্য দিয়ে। দৈনিক যায়যায়দিনের ১৮ তম বর্ষে পদার্পণ উপলক্ষে খুলনা অফিসে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় এ কথা বলেন ২-এর পাতায় দেখুন

## সাতবছর পর সৌদিতে আজ দূতাবাস চালু করছে ইরান

**নিজস্ব প্রতিবেদক :** কূটনৈতিক টানাপোড়নে সাত বছর বন্ধ থাকার পর গতকাণ মঙ্গলবার আবারও সৌদি আরবে দূতাবাস চালু করছে ইরান। দেশটির রাজধানী রিয়াদে নতুন করে ইরানের এই দূতাবাস উদ্বোধন করা হবে। এ সময় সৌদি আরবে নবনিযুক্ত ইরানি রাষ্ট্রদূতসহ বেশ কয়েকজন কূটনীতিক উপস্থিত থাকবেন।
সংক্ষিপ্ত বিবৃতিতে সোমবার ইরানের পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র নাসের কানানি বলেন, সৌদির রিয়াদে ইরান দূতাবাস বৃহস্পতিবার থেকে পুনরায় চালু হবে। তারপরে জেদ্দায় পুনরায় কনস্যুলেট এবং একদিন পরে ইসলামী সহযোগিতা সংস্থার সাথে তেহরানের প্রতিনিধি অফিস পুনরায় ২-এর পাতায় দেখুন

# গরম আর লোডশেডিংয়ে অতিষ্ঠ জনজীবন

**স্টাফ রিপোর্টার :** চলতি মাসের দুই সপ্তাহ ধরে চুয়াডাঙ্গায় মারাত্মক গরমের সঙ্গে বেড়েছে লোডশেডিং। বিপর্যস্ত হয়ে পড়েছে জনজীবন। এমন অবস্থায় দুর্ভোগে পড়েছেন জেলাবাসী। বিশেষ করে শ্রমজীবী মানুষ, শিশু ও বৃদ্ধদের হাঁসফাঁস অবস্থা। দিন রাত মিলে ১০ ঘণ্টাও বিদ্যুৎ থাকছে না। গরমে ভেজা কাপড় গায়ে জড়াচ্ছেন অনেকে। কখন বিদ্যুৎ আসবে সে খবরও কারো জানা নেই। এদিকে হাসপাতালে অসুস্থ রোগীদের বিভিন্ন পরীক্ষা-নিরীক্ষা করতে গিয়ে ঘণ্টার পর ঘণ্টা বসে থাকতে হচ্ছে। চুয়াডাঙ্গার আবহাওয়া পর্যবেক্ষণাগার মঙ্গলবার (৬ জুন) সন্ধ্যা ৬টায় জেলায় সর্বোচ্চ তাপমাত্রা রেকর্ড করে ৩৯ ডিগ্রি সেলসিয়াস।



পর্যবেক্ষণাগারের জ্যেষ্ঠ পর্যবেক্ষক রাকিবুল হাসান বলেন, 'জেলার ওপর দিয়ে কয়েক দিন ধরে মাঝারি থেকে প্রচণ্ড তাপপ্রবাহ বয়ে চলেছে। দিনের তাপমাত্রা ৩৯ থেকে ৪০ ডিগ্রি সেলসিয়াসের মধ্যে ওঠানামা করছে। এদিকে তাপপ্রবাহের সঙ্গে বেড়েছে লোডশেডিং। লোডশেডিংয়ের কারণে ২-এর পাতায় দেখুন



## ঝিনাইদহে মেধাবী শিক্ষার্থীদের 'বঙ্গবন্ধু শিক্ষাবৃত্তি' প্রদাণ

**নিজস্ব প্রতিবেদক :** ঝিনাইদহে মেধাবী শিক্ষার্থীদের বঙ্গবন্ধু শিক্ষাবৃত্তি প্রদাণ করা হয়েছে। সকালে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে অর্থ মন্ত্রনালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগ সোশ্যাল ডেভেলপমেন্ট ফাউন্ডেশন (এসডিএফ)'র পক্ষ থেকে এ বৃত্তি প্রদাণ করা হয়। এসডিএফ'র যশোর আঞ্চলিক পরিচালক হেদায়েত উল্লাহ'র সভাপতিত্বে অনুষ্ঠানে ২-এর পাতায় দেখুন

# মেহেরপুরে চার্জার ফ্যানের সংকট

**মেহেরপুর প্রতিনিধি :** তীব্র তাপদহ ও লোডশেডিংয়ে নির্ঘুম রাতে পার করছেন মেহেরপুর জেলার সাধারণ মানুষ। দিনে কিছুটা বিদ্যুৎ থাকলেও রাতে দীর্ঘ সময় ধরে লোডশেডিংয়ের কবলে থাকছে জেলার বেশিরভাগ এলাকা। আর এতেই নির্ঘুম রাত কাটাতে হচ্ছে শহর-গ্রামগঞ্জের সাধারণ মানুষকে। এই তীব্র গরমে একটু স্বস্তির আশায় মাত্র ভরসা হলেও দোকানে মিলছে না কোন চার্জার ফ্যান। স্বরেজমিন ঘুরে দেখা যায় গত দু সপ্তাহে মেহেরপুরের বাজারে সংকট রয়েছে চার্জার ফ্যানের। কয়েকজন ব্যবসায়ীর



সঙ্গে কথা বলে জানা গেছে, গত দুদিন ধরে অধিকাংশ ক্রেতাই রিচার্জেবল ফ্যান চাচ্ছেন। বিভিন্ন এলাকা থেকে পাইকারি ফ্যানের অর্ডার আসছে। কুলার, আইপিএস ও সোলার প্যানেলের তুলনায় রিচার্জেবল ফ্যান বিক্রি বেড়েছে। অন্য কোনো বছর এত ফ্যান বিক্রি হয়নি। এতে সরবরাহ সংকট দেখা গেছে, যে কারণে দাম বেড়েছে। তাদের দাবি, ডলারের দাম বাড়ায় আমদানি কমেছে। মার্কেটে এসব পণ্যের সংকট থাকলেও চাহিদা বাড়তি। চাহিদার তুলনায় সরবরাহ কম থাকায় এসব ইলেক্ট্রনিক পণ্যের ২-এর পাতায় দেখুন

## কালীগঞ্জে সাংবাদিক পুত্র ওয়ারিদ আকিব বঙ্গবন্ধু সৃজনশীল মেধা অন্বেষণ প্রতিযোগীতায় উপজেলা পর্যায়ে প্রথম



**নিজস্ব প্রতিবেদক :** ঝিনাইদহের কালীগঞ্জে বঙ্গবন্ধু সৃজনশীল মেধা অন্বেষণ প্রতিযোগীতা ২০২৩ এ দৈনন্দিন বিজ্ঞান বিভাগে প্রথম হয়েছে ওয়ারিদ আকিব। ওয়ারিদ আকিব গাজি টিভির ঝিনাইদহ জেলা প্রতিনিধি ওয়ালিয়ার রহমান ও স্বাস্থ্যকর্মী আরাফা খাতুন দম্পতির প্রথম সন্তান। মঙ্গলবার সকালে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে তার হাতে পুরস্কার তুলে দেন নির্বাহী অফিসার ২-এর পাতায় দেখুন

# তীব্র গরমে পথচারীদের পাশে দাঁড়িয়ে প্রশংসিত চুয়াডাঙ্গার পুলিশ সুপার

**এম এ মতিন, চুয়াডাঙ্গা :** চুয়াডাঙ্গায় তীব্র গরমে অতিষ্ঠ পথচারীদের লেবুর শরবত, খাবার স্যালাইন ও বোতলজাত বিশুদ্ধ পানি পান করিয়ে প্রশংসিত হয়েছে চুয়াডাঙ্গা জেলার পুলিশ সুপার, আব্দুল্লাহ্ আল-মামুন।
গতকাল সকাল সাড়ে ১১ টায় শহীদ হাসান চত্বরে তীব্র গরমে অতিষ্ঠ পথচারী সর্বসাধারণকে কিছুটা স্বস্তি দিতে লেবুর শরবত পানের



ব্যবস্থা করেন। এসময় পুলিশ সুপার তীব্র গরমে সুস্থ থাকতে নিয়মিতভাবে প্রচুর পানি, খাবার স্যালাইন ও লেবুর শরবত পান করার পরামর্শ দেন। জেলা পুলিশের আয়োজনে তীব্র তাপদাহে লেবুর শরবত, খাবার স্যালাইন ও বোতলজাত বিশুদ্ধ খাবার পানির এ ব্যবস্থা চলমান থাকবে। উল্লেখ্য, বাংলাদেশের ২-এর পাতায় দেখুন

বঙ্গবন্ধুর সৈনিক, শেখ হাসিনার আস্থাভাজন



ঝিনাইদহ-১ শৈলকুপা আসন থেকে বার বার নির্বাচিত সংসদ সদস্য, ঝিনাইদহ জেলা আওয়ামী লীগের সভাপতি, সাবেক প্রতিমন্ত্রী, বীর মুক্তিযোদ্ধা
মোঃ আব্দুল হাই এমপি'র নেতৃত্বে
১৯৯২ সালের ১ জানুয়ারি থেকে প্রকাশিত
১৯৯২ সালের ১ জানুয়ারী থেকে প্রকাশিত দৈনিক এই আমার দেশ
Daily Eai Amar Desh e-paper.eaiamardesh.com www.eaiamardesh.com
এখন নতুন আঙ্গিকে
সম্পাদকমন্ডলীর সম্মানিত সভাপতির গুরুদায়িত্ব নিয়ে তিনি আমাদের গৌরবান্বিত করেছেন এবং ভারপ্রাপ্ত সম্পাদক হিসেবে নিরলস শ্রম দিচ্ছেন
তানভীর হাসান (জিসান হাই)
নিয়মিত দৈনিক এই আমার দেশ পড়ুন, দেশকে ভালোবাসুন।



চুয়াডাঙ্গা জেলার প্রথম দৈনিক "দৈনিক মাথাভাঙ্গা"
ঝিনাইদহ জেলার প্রথম দৈনিক "দৈনিক ঝিনাইদহ"
এবং "দৈনিক অধিবেশন" পত্রিকার
অন্যতম প্রতিষ্ঠাতা
জাতীয় দৈনিক মুক্তকণ্ঠ", "দৈনিক মানবকণ্ঠ", Times world, HelloToday
পত্রিকার শীর্ষ পদে একদা দায়িত্ব পালনকারী সাংবাদিক-সম্পাদক
আলী কদর পলাশ সম্পাদিত
দৈনিক এই আমার দেশ — Daily Eai Amar Desh e-paper.eaiamardesh.com www.eaiamardesh.com
দৈনিক গড়ব বাংলাদেশ — একসাথে গড়ব দেশ
নিয়মিত পড়ুন এবং বিজ্ঞাপন দিন

## কোটচাঁদপুরে পিকআপ ভ্যানের ধাক্কায় মোটরসাইকেল আরোহী নিহত

**নিজস্ব প্রতিবেদক :** ঝিনাইদহ কোটচাঁদপুর উপজেলায় পিকআপ ভ্যানের ধাক্কায় মোটরসাইকেল আরোহী রিফাত রহমান (১৮) নামের টাইস মিস্ত্রী নিহত হয়েছেন।
মঙ্গলবার সকালে যশোর হাসপাতালে নেওয়ার পথে সে মারা যায়। নিহত রিফাত রহমান ওই উপজেলার এড়াান্ডা গ্রামের মহিদুলে ইসলামের ছেলে।
স্থানীয়রা জানায়, সকালে বাড়ী থেকে মোটরসাইকেল করে কোটচাঁদপুর শহরের দিকে যাচ্ছিলেন রিফাত। সেসময় কোটচাঁদপুর শহরের মেইনস্ট্যান্ডে আসলে একটি পিকআপ ভ্যানের সাথে ধাক্কা লেগে রাস্তার উপর ছিটকে পড়ে গুরুতর আহত হয়। পরে স্থানীয়রা উদ্ধার করে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করে। সেখানে তার অবস্থার আবনতি হলে কর্তব্যরত চিকিৎসক তাকে উন্নত চিকিৎসার জন্য ২-এর পাতায় দেখুন



১৯৯২ সালের ১ জানুয়ারী থেকে প্রকাশিত

দৈনিক

# এই আমার দেশ

Daily Eai Amar Desh e-paper.eaiamardesh.com www.eaiamardesh.com

বুধবার ০৭ জুন ২০২৩



প্রধানমন্ত্রী শেখ হাসিনার সাথে মঙ্গলবার জাতীয় সংসদে তাঁর কার্যালয়ে ভারতের সেনাবাহিনী প্রধান জেনারেল মনোজ পাণ্ডে সৌজন্য সাক্ষাৎ করেন।

## সৌদি পৌঁছেছেন ৫৭১২৭ জন হজযাত্রী

**রিজস্ব প্রতিবেদক :** চলতি বছর পবিত্র হজ পালনের জন্য সৌদি আরব পৌঁছেছেন বাংলাদেশের ৫৭ হাজার ১২৭ হজযাত্রী। যার মধ্যে সরকারি ব্যবস্থাপনায় গেছেন ৯৩৫০ জন এবং আর বেসরকারিভাবে গেছেন ৪৭ হাজার ৭৭৭ জন।

গত সোমবার মধ্যরাতে হজযাত্রী বহনকারী এয়ারলাইনস, সিভিল অ্যাভিয়েশন অথরিটি অব বাংলাদেশ, হজ অফিসের বরাত দিয়ে হজ পোর্টালে এ তথ্য জানানো হয়েছে।

সোমবার রাতে বাংলাদেশ হজ অফিস মক্কার কনফারেন্স কক্ষে ধর্মবিষয়ক মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (হজ) এবং প্রশাসনিক দলের দলনেতা মো. মতিউল ইসলামের সভাপতিত্বে হজ প্রশাসনিক দলের নিয়মিত সমন্বয় সভা অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে কাউন্সিলর (হজ) মো. জহিরুল ইসলাম, কনসাল (হজ) মোহাম্মদ আসলাম উদ্দিন, প্রশাসনিক দলের সদস্যবৃন্দ, চিকিৎসক এবং আইটি দলের দলনেতাসহ অন্যান্য সদস্য উপস্থিত ছিলেন।

গত ২১ মে হজযাত্রীদের সৌদি আরবে যাওয়ার প্রথম ফ্লাইট শুরু হয়। সৌদি আরবে যাওয়ার শেষ ফ্লাইট ২২ জুন। অন্যদিকে হজ শেষে দেশে ফেরার ফ্লাইট শুরু হবে আগামী ২ জুলাই। হজযাত্রীদের ফিরতি ফ্লাইট শেষ হবে ২ আগস্ট। উল্লেখ্য, চাঁদ দেখাসাপেক্ষে আগামী ২৭ জুন হজ অনুষ্ঠিত হবে।

## ঝিনাইদহের গান্না ইউনিয়নের দুস্থ মহিলাকে আর্থিক সহযোগিতা করলেন এ্যাড. মোঃ আব্দুর রশীদ

**নিজস্ব প্রতিবেদক :** ঝিনাইদহের গান্না ইউনিয়নের এক দুস্থ মহিলাকে আর্থিক সহযোগিতা করলেন সদর উপজেলা আওয়ামী লীগের সভাপতি ও সদর উপজেলা পরিষদের চেয়ারম্যান এ্যাড. মোঃ আব্দুর রশীদ। সোমবার সন্ধ্যায় গান্না ইউনিয়নের কালুহাটি গ্রামের মৃত মহীউদ্দীনের স্ত্রী নুরজাহান বেগমকে এ আর্থিক সহযোগিতা করেন।

এ্যাড. মোঃ আব্দুর রশীদ বলেন, অসহায় ও দুস্থ মহিলা খোবর জানতে পেরে আমি তার বাসায় ছুটে যায়। এবং তাকে আর্থিকভাবে সহযোগিতা করি। ভবিষ্যতে অণ্যান্যদের পাশে থাকব বলে তিনি আরো প্রতিশ্রুতি দেন।



## টঙ্গীতে নিখোঁজ যুবকের লাশ আশুলিয়া থেকে উদ্ধার, পরিবারের দাবি পরিকল্পিত হত্যা

**রায়হান মিয়া মৃধা :** গাজীপুরের টঙ্গীতে শরিফ হোসেন রিফাত (১৯) নামে এক নিখোঁজ যুবকের মরদেহ উদ্ধার করেছে পুলিশ।

মঙ্গলবার (৬ জুন) বিকেলে আশুলিয়া থানাধীন তৈয়বপুর বাজারের পূর্বপাশে রুদ্রপুর এলাকায় ভাশমান অবস্থায় স্থানীয়রা লাশটি দেখতে পেয়ে পুলিশ কে অবগত করলে গাছা থানা পুলিশ লাশটি উদ্ধার করে।

নিহত রিফাত গাজীপুর জেলার টঙ্গী পূর্ব থানাধীন গাসিক ৪৯ নং ওয়ার্ড এরশাদ নগর এলাকার ২ নং ব্লকের বাসিন্দা। সে তার বাবা ফারুক হোসেনের সাথে বসবাস করতো এবং তার ব্যক্তিগত মোটরসাইকেল দিয়ে রাইড শেয়ারিং করে জীবিকা নির্বাহ করতো। নিহতের স্বজনরা জানায়, সোমবার বিকেল ৪ টা ৩০ মিনিটের ২-এর পাতায় দেখুন

## গাংনীতে পুলিশ বক্সের নিকট থেকে ট্রান্সফরমার চুরি

**গাংনী প্রতিনিধিঃ** মেহেরপুর-কুষ্টিয়া আঞ্চলিক সড়ক অলিনগর পুলিশ বক্সের সামনে থেকে তিনটি ট্রান্সফরমার চুরির ঘটনা ঘটেছে। সোমবার দিবাগত মধ্যে রাতে চোরের দল চুরি করে নিয়ে যায় ট্রান্সফরমার। পুলিশ বক্সের নিকট ইটভাটা মালিক নাজমুল হোসেন জানান, পুলিশ বক্সে পুলিশ থাকার কারণে চুরির কোনো ভয় ছিল না। এখন আর পুলিশ থাকে না। গতকাল রাতে চোরের দল চুরি করে নিয়েছে ২-এর পাতায় দেখুন



## গাবতলীতে পুলিশের উপর হামলার ৬ ঘণ্টা পর মাদক ব্যবসায়ী গ্রেপ্তার

**শাহ আলম, গাবতলী(বগুড়া) প্রতিনিধি :** বগুড়ার গাবতলীতে পুলিশের ওপর হামলা চালিয়ে মাদক ব্যবসায়ী খোকন চন্দ্র কে ছিনিয়ে নেয়ার ৬ ঘণ্টা পর আবারো গ্রেপ্তার করেছে পুলিশ। গ্রেপ্তারের বিষয়টি নিশ্চিত করেছেন গাবতলী মডেল থানার অফিসার ইনচার্জ সনাতন চন্দ্র সরকার। গ্রেপ্তারকৃত আসামি হলো মহিষাবান ইউনিয়নের মরিয়া হিন্দু পাড়া গ্রামের রবি চন্দ্র রায়ের ছেলে খোকন রায়। সে এলাকার তালিকাভুক্ত ২-এর পাতায় দেখুন

## হাইতিতে ভয়াবহ বন্যা, ৪২ জনের মৃত্যু

**আন্তর্জাতিক ডেস্ক :** সপ্তাহব্যাপী ভারী বৃষ্টিপাত আর প্রবল বর্ষণে ক্যারিবীয় দ্বীপ রাষ্ট্র হাইতিতে ৪২ জন মারা গেছেন। রোববারও (৪ জুন) সরকারের পক্ষ থেকে মৃত্যু সংখ্যা ১৫ জন বলে জানানো হয়। কিন্তু একদিনের ব্যবধানে তা ৪২-এ পৌঁছেছে। অন্তত ৮৫ জন আহতের খবর পাওয়া গেছে। এছাড়াও বাস্তুচ্যুত হয়েছেন হাজারো মানুষ। সোমবার (৫ জুন) এক বিবৃতিতে এমনটাই জানিয়েছে দেশটির বেসামরিক সুরক্ষা সংস্থা।

তীব্র বৃষ্টিপাতের কারণে হাইতির কয়েকটি নদীর পানি উপচে পড়ছে। আকস্মিক বন্যা, পাহাড় এবং ভূমিধসের ঘটনা ঘটেছে বলে জানিয়েছে জাতিসংঘ। ইতোমধ্যে দুর্যোগে ২-এর পাতায় দেখুন

## কালীগঞ্জে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান জাতীয় গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্টের ফাইনাল অনুষ্ঠিত

**নিজস্ব প্রতিবেদক :** ঝিনাইদহের কালীগঞ্জে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান (বালক অনুধ্বর্-১৭) জাতীয় গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্টের ফাইনাল খেলা অনুষ্ঠিত হয়েছে। খেলায় ৫-০ গোলের বড় ব্যবধানে উপজেলা ৪নং রায়গ্রাম ইউনিয়ন ফুটবল একাদশকে পরাজিত করে চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করে কালীগঞ্জ পৌরসভা ফুটবল একাদশ। মঙ্গলবার বিকালে শেখ রাসেল মিনি ষ্টেডিয়ামে এ খেলার ফাইনল অনুষ্ঠিত হয়। খেলা শেষে উভয় দলের খেলোয়ারদের হাতে পুরস্কার তুলে দেন কালীগঞ্জ পৌরসভার মেয়র আশরাফুল আলম আশরাফ ও উপজেলা নির্বাহী অফিসার ইসরাত জাহান। এসময় আরো উপস্থিত ছিলেন, কালীগঞ্জ সহকারী কমিশনার (ভূমি) মো. হাবিবুল্লাহ, থানার ওসি আব্দুর রহিম মোল্লা, কালীগঞ্জ ক্রিড়া ফেডারেশনের সহ-সভাপতি অজিৎ ভট্টাচার্য্য, উপজেলা ক্রীড়া সংস্থার সম্পাদক ও কালীগঞ্জ প্রেসক্লাবের সভাপতি জামির হোসেন, ফায়ার সার্ভিসের স্টেশন অফিসার শেখ মামুনুর রশিদ, উপজেলা এলজিইডি প্রকৌশলী আবুল কালাম আজাদ, উপজেলা নির্বাচন কর্মকর্তা আলমগীর হোসেন, সহকারী উপজেলা শিক্ষা ২-এর পাতায় দেখুন





## কালীগঞ্জে প্রয়াত সাংবাদিক শফিকুল ইসলামের মাগফেরাত কামনায় দোয়া অনুষ্ঠিত

**নিজস্ব প্রতিবেদক :** ঝিনাইদহের কালীগঞ্জ প্রেসক্লাবের সদস্য প্রয়াত সাংবাদিক শফিকুল ইসলামের মাগফেরাত কামনায় দোয়া মাফিল অনুষ্ঠিত হয়েছে। সোমবার সন্ধ্যায় কালীগঞ্জ প্রেসক্লাব কার্যালয়ে মহিফিলের আয়োজন করা হয়। শফিকুল ইসলাম ২৩ বছর আগে ২০০০ সালের ৫ জুন ক্যান্সার রোগীকে রক্ত দিতে গিয়ে এক মর্মান্তি সড়ক দূর্ঘটনায় তিনি নিহত হন। তিনি দৈনিক সংগ্রাম পত্রিকার সাংবাদিক ছিলেন। তার দোয়া ও মোনাজাত পরিচালনা করেন শহরের ফালাাহুল ২-এর পাতায় দেখুন

## গাংনীতে নামাজ ও গীত গেয়ে প্রার্থনা বৃষ্টির জন্য

**রাব্বি আহমেদ, মেহেরপুরঃ** ক্ষেত খামারে পানি নেই। প্রাণিকূলের জীবন ওষ্ঠাগত। কাঙ্খিত বৃষ্টির জন্য কোথাও কোথাও অনুষ্ঠিত হচ্ছে নামাজ আবার কোথাও গীত গেয়ে চলছে বৃষ্টির প্রার্থণা। গেল দুদিন এসব অনুষ্ঠান চললেও বৃষ্টির দেখা মেলেনি। তবে আবহাওয়া অফিস বলছে কয়েকদিনের মধ্যেই বৃষ্টি হতে পারে। গেল ১০ দিন ধরে চলছে গরম ও প্রখর রোদ্র। এতে জনজিবন বিপন্ন হয়ে পড়েছে। গেল এক মাসেও কোন বৃষ্টির দেখা মেলেনি। বৃষ্টির জন্য এসতেষ্কার নামাজ শেষে আল্লাহর কাছে বৃষ্টি চেয়ে কান্নায় ভেঙ্গে পড়ছেন ধর্মপ্রাণ মুসুল্লীরা। তাছাড়াও সেই সনাতন পদ্ধতিতে চলছে গীত গেয়ে চলছে বৃষ্টির জন্য আরাধনা। কোথাও কোথাও ব্যাঙের বিয়ে হচ্ছে। তার পরও মেলেনি কাঙ্খিত বৃষ্টি। মঙ্গলবার সকালে গাংনীর কাজীপুরে এলাকার লোকজন নামাজ আদায় করে প্রার্থণা করেন। কাজীপুর ডামোস বিলে কয়েক হাজার মুসল্লী জমায়েত হয়। সেখানে বৃষ্টির জন্য বয়ান শেষে নামাজ অনুষ্ঠিত হয়। ইমামতি করেন কাজীপুর দারুল উলুম দাখিল মাদ্রাসার সুপার আব্দুর রশিদ আকতার। অপরদিকে সোমবার উপজেলার মোমিনপুরে ২-এর পাতায় দেখুন





## লালমনিরহাটে চেয়ারম্যানের বিরুদ্ধে স্বেচ্ছাচারিতার অভিযোগ ইউপি সদস্যদের

**নিজস্ব প্রতিবেদক :** লালমনিরহাটের কালিগঞ্জ উপজেলার ২নং মদাতি ইউপি চেয়ারম্যান জাহাঙ্গীর আলম (বিপ্লব) এর বিরুদ্ধে জেলা প্রশাসক বরাবর সেচ্ছাচারিতার অভিযোগ করেছেন অত্র ইউনিয়নের ইউপি সদস্যগণ। গত ১ লা জুন লালমনিরহাট জেলা প্রশাসক বরাবরে এ অভিযোগ দায়ের করা হয়েছে। সুত্রে জানা যায় যে, খাদ্য বান্ধব ২-এর পাতায় দেখুন

## কালীগঞ্জে দৈনিক যায়যায়দিন পত্রিকার প্রতিষ্ঠবার্ষিকী পালিত

**নিজস্ব প্রতিবেদক :** দেশের শীর্ষ স্থানীয় পত্রিকা যায়যায়দিনের ১৮ বছরে পদার্পণ উপলক্ষ্যে ঝিনাইদহে আলোচনা সভা ও কেক কাটার মধ্যে দিয়ে উদযাপন করা হয়েছে। মঙ্গলবার বেলা ১১টায় কালীগঞ্জ প্রেসক্লাবে এক আলোচনা সভার আয়োজন করা হয়। যায়যায়দিন পত্রিকার কালীগঞ্জ প্রতিনিধি বাদশা ফরহাদের আয়োজনে অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, কালীগঞ্জ পৌরসভার মেয়র আশরাফুল আলম আশরাফ, কালীগঞ্জ প্রেসক্লাবের সভাপতি ও সমকাল প্রতিনিধি জামির হোসেন, সাধারন সম্পাাদক হাবিব ওসমান, কালীগঞ্জ পৌর ব্যবসায়ী সমিতির সাধারন সম্পাদক ইমদাদুল হক ইন্তা, দৈনিক ভোরের ডাকের সাংবাদিক এনামুল হক সিদ্দিক, গ্রামের কাগজের ২-এর পাতায় দেখুন



## ইভ্যালির রাসেলের জামিন

**নিজস্ব প্রতিবেদক :** প্রতারণার মাধ্যমে গ্রাহকের টাকা আত্মসাতের অভিযোগে করা ডিজিটাল নিরাপত্তা আইনের মামলায় ই-কমার্স প্রতিষ্ঠান ইভ্যালির প্রধান নির্বাহী কর্মকর্তা (সিইও) মো. রাসেলকে জামিন দিয়েছেন হাইকোর্ট।

গতকাল মঙ্গলবার বিচারপতি মোস্তফা জামান ইসলাম ও বিচারপতি মো. আমিনুল ইসলামের হাইকোর্ট বেঞ্চ এ আদেশ দেন।

তার জামিন বিষয়ে জারি করা রুল যথাযথ ঘোষণা করে মঙ্গলবার (৬ জুন) বিচারপতি মোস্তফা জামান ইসলাম ও বিচারপতি মো. আমিনুল ইসলামের হাইকোর্ট বেঞ্চ এ রায় দেন।

আদালতে আবেদনের পক্ষে ছিলেন জ্যেষ্ঠ আইনজীবী অ্যাডভোকেট আহসানুল ২-এর পাতায় দেখুন



## গাংনী সায়েন্স এন্ড টেকনোলজি কলেজের ছাত্রী দুলালীর মেধা তালিকায় স্থান

**গাংনী প্রতিনিধিঃ** বাংলাদেশ ডিপ্লোমা ইঞ্জিনিয়ারিং পরীক্ষায় বোর্ডের মেধা তালিকায় স্থান পেয়েছেন মেহেরপুরের গাংনী সায়েন্স এন্ড টেকনোলজি কলেজের ছাত্রী দুলালী খাতুন। কৃতিত্ব অর্জন করায় তাকে নিজ কলেজ ও বিভিন্ন শ্রেণীর মানুষের পক্ষ থেকে অভিনন্দন জানানো হয়েছে। গাংনী সায়েন্স এন্ড টেকনোলজি কলেজের পরিচালক ২-এর পাতায় দেখুন

## রাজবাড়ীর পাংশায় ভেঙে পড়লো নির্মাণাধীন ব্রিজ

**রুবেল চিশতী, রাজবাড়ী :** রাজবাড়ীর পাংশায় প্রায় ৬৩ লাখ টাকা ব্যয়ে একটি নির্মাণাধীন ব্রিজ ভেঙে পড়েছে। সোমবার সন্ধ্যায় পাংশা উপজেলার মাছপাড়া ইউনিয়নের মেঘনা বাজার সংলগ্ন খালের ওপর নির্মাণাধীন ব্রিজের পাটাতন ঢালাইয়ের সময় এ ঘটনা ঘটে। তবে এতে কোনো হতাহতের ঘটনা ঘটেনি।

নির্মাণাধীন ব্রিজ এভাবে ভেঙে পড়ায় ক্ষোভ প্রকাশ করেন এলাকাবাসী। তাদের দাবি, নিম্নমানের সামগ্রী দিয়ে তড়িঘড়ি কাজ করার ফলে এমন ঘটনা ঘটেছে।

উপজেলা নির্বাহী প্রকৌশলী মো: জাকির ২-এর পাতায় দেখুন




## মেহেরপুরে সাঁতার প্রতিযোগিতার বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ

**মেহেরপুর প্রতিনিধিঃ** ক্রীড়া পরিদপ্তরের বার্ষিক ক্রীড়া কর্মসূচি আওতায়, মেহেরপুর জেলা ক্রীড়া অফিসের উদ্যোগে মাসব্যাপী সাঁতার প্রশিক্ষণ, প্রতিযোগিতা এবং বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়েছে। মঙ্গলবার দুপুরে মেহেরপুরের গাংনী উপজেলার জোড়পুকুরিয়া মাধ্যমিক বিদ্যালয় পুকুরে মাসব্যাপী সাঁতার প্রশিক্ষণ শেষে প্রতিযোগিতা এবং বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়। জেলা ক্রীড়া অফিসার আরিফ আহমেদের সভাপতিত্বে পুরস্কার বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের সহকারী প্রোগ্রামার সুব্রত কুমার বিশ্বাস। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জোড়পুকুরিয়া মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক হাসান আল নূরানী। পুরস্কার বিতরণ অনুষ্ঠানে বক্তব্য রাখেন মেহেরপুর সরকারি কলেজের অবসরপ্রাপ্ত ক্রীড়া শিক্ষক মাসুদুল হাসান। পরে সেখানে দিনব্যাপী সাঁতার প্রতিযোগিতার বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করা ২-এর পাতায় দেখুন






## বামন্দী ইউপি চেয়ারম্যান কমল অসুস্থ হাসপাতালে ভর্তি

**গাংনী প্রতিনিধিঃ** মেহেরপুরের গাংনী উপজেলার বামন্দী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ওবাইদুর রহমান কমল অসুস্থ হয়ে কুষ্টিয়া ডাক্তার মান্নান হার্ড হাসপাতালের আইসিওতে ভর্তি রয়েছেন। সোমবার ২-এর পাতায় দেখুন

সম্পাদকমন্ডলীর সভাপতি : **আব্দুল হাই এমপি (সাবেক প্রতিমন্ত্রী)** সম্পাদক ও প্রকাশক : **আলী কদর পলাশ,** ভারপ্রাপ্ত সম্পাদক : **তানভীর হাসান (জিসান হাই)**,ব্যবস্থাপনা সম্পাদক : **আশরাফুল আলম চঞ্চল,** নির্বাহী সম্পাদক : **তুহিন আরণ্য**
**সম্পাদক ও প্রকাশক আলী কদর পলাশ** কর্তৃক ঢাকা : হাউস ১৭ রোড ২৮ ধানমন্ডি, ঢাকা-১২০৫। **ঝিনাইদহ অফিস : হোল্ডিং নম্বর ০০৬২-০০, রাস্তা ০৯,০৯১ (এমপি হাই সাহেবের বাসভবন) আরাপপুর, ঝিনাইদহ।**। চুয়াডাঙ্গা থেকে প্রকাশিত এবং মেসার্স আলিফ প্রিন্টিং প্রেস ২২১ ফকিরাপুল, মতিঝিল, ঢাকা-১০০০ থেকে মুদ্রিত । ই-মেইল : eaiamardesh@gmail.com ফোন: ০১৭৫৮-২৮২৩৪৫, ০১৭৩৪-১০৪৪১৪ **বিজ্ঞাপন-সার্কুলেশন :** ০১৯৬৯৮৩১৯১৮




১৯৯২ সালের ১ জানুয়ারী থেকে প্রকাশিত
দৈনিক এই আমার দেশ
Daily Eai Amar Desh e-paper.eaiamardesh.com www.eaiamardesh.com

# ঐতিহাসিক ৬ দফা

৭ জুন ঐতিহাসিক ছয় দফা দিবস। ছয় দফা কর্মসূচী বাঙালী জাতির মুক্তির সনদ বা ম্যাগনাকার্টা হিসেবে পরিচিত। ১৯৬৬ সালের এদিনে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বাঙালী জাতির মুক্তির সনদ ছয় দফার পক্ষে দেশব্যাপী গণআন্দোলনের সূচনা করেন। এই দিনে আওয়ামী লীগের ডাকা হরতালে টঙ্গী, ঢাকা ও নারায়ণগঞ্জে পুলিশ ও ইপিআরের গুলিতে মনু মিয়া, শফিক ও শামসুল হকসহ ১১ বাঙালী শহীদ হন। সেই থেকেই বঙ্গবন্ধুর নেতৃত্বে আপোসহীন সংগ্রামের পথে উনসত্তরের গণঅভ্যুত্থানের দিকে এগিয়ে যায় পরাধীন বাঙালী। ছয় দফা ঘোষণার পর পাকিস্তানী শাসকগোষ্ঠী বঙ্গবন্ধুকে বারবার গ্রেপ্তার করে এবং তাঁর ওপর অমানবিক নির্যাতন চালায়।

শত নির্যাতন সত্ত্বেও তিনি ছয় দফার দাবি থেকে পিছপা হননি। তাঁর নেতৃত্বে দাবি আদায়ের এই আন্দোলন বেগবান হয় যা অল্প সময়ের মধ্যেই ছড়িয়ে পড়ে সারাবাংলায়। বলা যায়, বঙ্গবন্ধুর ছয় দফা ছিল বাংলাদেশের স্বাধীনতার অন্যতম ভিত্তি।

ছয় দফা কেবল বাঙালীর মুক্তির সনদ নয়, সারাবিশ্বের নিপীড়িত নির্যাতিত মানুষের মুক্তি আন্দোলনের অনুপ্রেরণারও উৎস। ছয় দফার মধ্যেই বঙ্গবন্ধু পূর্ববাংলার রাজনৈতিক, অর্থনৈতিক, সামাজিক ও সাংস্কৃতিক স্বার্থকে তুলে ধরেন। ঐতিহাসিক ছয় দফার মধ্যেই নিহিত ছিল বাঙালীর স্বাধিকার ও স্বায়ত্তশাসনের রূপরেখা। বঙ্গবন্ধুর স্বপ্ন ছিল রাজনৈতিক স্বাধীনতার পাশাপাশি ক্ষুধা ও দারিদ্র্যমুক্ত সোনার বাংলা প্রতিষ্ঠা। বাঙালীর স্বাধীনতা সংগ্রামের ধারাবাহিকতায় ১৯৪৮ সালে বাংলা ভাষার দাবিতে যে আন্দোলনের সূত্রপাত হয়, তার সফল পরিসমাপ্তি ঘটে '৫২-এর ভাষা আন্দোলনের মধ্য দিয়ে। রচিত হয় বাঙালী জাতীয়তাবাদের ভিত্তি। বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ১৯৬৬ সালের ৫ ফেব্রুয়ারি লাহোরে অনুষ্ঠিত সম্মেলনের সাবজেক্ট কমিটিতে 'ছয় দফা' উত্থাপন করেন এবং পরের দিন সম্মেলনের আলোচ্যসূচীতে যাতে এটি স্থান পায়, সে বিষয়ে সংশ্লিষ্টদের প্রয়োজনীয় ব্যবস্থা নিতে অনুরোধ জানান।

এই সম্মেলনে বঙ্গবন্ধুর এ দাবির প্রতি সংশ্লিষ্ট পক্ষ গুরুত্ব প্রদান করেনি। তারা দাবি প্রত্যাখ্যান করে। প্রতিবাদে বঙ্গবন্ধু সম্মেলনে যোগ না দিয়ে লাহোরে অবস্থানকালেই 'ছয় দফা' উত্থাপন করেন। সেদিন পাকিস্তানের তৎকালীন সেনাশাসক জেনারেল আইয়ুব খান অস্ত্রের ভাষায় ছয় দফা মোকাবিলার ঘোষণা দিয়েছিলেন। ছয় দফার সমর্থনে ১৯৬৬ সালের ১৩ মে আওয়ামী লীগ আয়োজিত পল্টনের জনসভায় ৭ জুন হরতাল কর্মসূচী ঘোষণা করা হয়। মাসব্যাপী ছয় দফা প্রচারে ঘোষিত হয় ব্যাপক কর্মসূচী। সামরিক জান্তার ১৪৪ ধারা, নির্যাতন, নিস্পেষণ ও গুলিবর্ষণ উপেক্ষা করে দেশব্যাপী ছয় দফা দাবিতে ছাত্র, শ্রমিক, কৃষক, মজুরসহ আপামর জনগণের স্বতঃস্ফূর্ত আন্দোলন বেগবান হয় এবং ১১ শহীদের রক্তে রঞ্জিত ৭ জুন লাভ করে অমরত্ব।

ছয় দফার সাফল্যই আজকের এই স্বাধীন বাংলাদেশ। ৭ জুন ছিল এর সূচনাবিন্দু। যার ধারাবাহিকতায় বাংলাদেশের মুক্তি সংগ্রাম ও স্বাধীনতার ইতিহাসে ঐতিহাসিক ছয় দফা একটি অন্যতম মাইলফলক। আমরা মনে করি, বাংলাদেশের স্বাধীনতা ও সার্বভৌমত্ব তথা ইতিহাসের সত্য রক্ষায় ছয় দফাসহ বঙ্গবন্ধুর ঐতিহাসিক ভূমিকা জাতির সামনে তুলে ধরতে হবে সর্বদাই। তরুণ প্রজন্মকে দেশপ্রেমে উৎসাহিত ও উজ্জীবিত করতে এই ইতিহাস তাদের পাঠ্যসূচীতে অন্তর্ভুক্ত করাও আবশ্যক।

## খুলনায় দৈনিক যায়যায়দিনের

তিনি।যায়যায়দিনের জন্মদিনে পত্রিকার সম্পাদকমন্ডলীর সভাপতি ও প্রকাশক সাঈদ হোসেন চৌধুরীসহ যায়যায়দিন পরিবারের সবার মঙ্গল কামনা করে বলেন, যেকোনো পরিস্থিতিতে পত্রিকাটি জনগণের আস্থা অর্জনে সর্বদা কাজ করবে বলে তার বিশ্বাস।খুলনা ব্যুরো প্রধান মো. আতিয়ার রহমানের সভাপতিত্বে অনুষ্ঠানে উপস্থিত ছিলেন খুলনা জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক অ্যাডভোকেট সুজিত অধিকারী, যুগ্ম-সাধারণ সম্পাদক মোঃ কামরুজ্জামান জামাল, খুলনা হায়ওয়ে পুলিশের পুলিশ সুপার, মোঃ ইব্রাহিম, খুলনা জেলা স্বেচ্ছাসেবক লীগের সাধারণ সম্পাদক আসাদুজ্জামান রাসেল, এম রোমানিয়া জেলা প্রতিনিধি দৈনিক গড়ব বাংলাদেশ ও দৈনিক এই আমার দেশ, খুলনা সিটি কর্পোরেশন লাইসেন্স অফিসার মোঃ রবিউল ইসলাম রবি, মেয়র সাহেবের এপিএস গোপাল চন্দ্র দে, জুয়েলারি সমিতির সর্ন ব্যবসায়ী প্রদীপ চ্রক্রবতি,কণ্ঠশিল্পী শারমিন আক্তার ইতি, সহকারী শিল্পী তিথি, মোঃ তৈয়ব আলী পর্বত ক্যামেরা পার্সন দৈনিক এই আমার দেশ, নাটক অভিনেত্রী এর্শী আহমেদ রিমা,খালিশপুর ১৩ নং ওয়ার্ড আওয়ামী লীগ সভাপতি মোর্শেদ আম্মেদ মনি,১২ নং ওয়ার্ড যুবলীগ নেতা ও সিনিয়র সাংবাদিক মজতবা নজর, ডুমুরিয়া উপজেলা ১৩ নং গুটুদিয়া ইউনিয়ন পরিষদ বারবার নির্বাচিত মেম্বর মোঃ ইজ্জাত আলি,যুবলীগ নেতা পলাশ,মাসুম,মোঃ নাহিদুল ইসলাম ,সমরাট্র, হাফেজ মাওলানা মোঃ মোসলে উদ্দিন ,সজিব ওয়াজেদ জয় পরিষদের খুলনা মহানগর সাধারণ সম্পাদক তানবীর মোর্শেদ তুষার, মদিনা গ্রুপের ন্যাশনাল ম্যানেজার দিপক কুমার মল্লিক, সাংবাদিক ইমাম হোসেন সুমন, মফিজুল ইসলাম, শেখ শান্ত, বাহাউদ্দিন, রংধনু আর্ট একাডেমীর পরিচালক মিস্টি মন্ডল ।

## ঐতিহাসিক ৬ দফা দাবি থেকে

ফসল। ১৯৪৮ সালে বাংলা ভাষার দাবিতে যে আন্দোলনের সূত্রপাত হয়, '৫২-এর ভাষা আন্দোলনের মধ্য দিয়ে তার সফল পরিসমাপ্তি ঘটে। রচিত হয় বাঙালি জাতীয়তাবাদের ভিত্তি। এরপর ১৯৫৪ সালে যুক্তফ্রন্ট গঠন, ১৯৫৮ সালে সামরিক শাসনবিরোধী আন্দোলন ও ১৯৬২ সালে শিক্ষা কমিশন বিরোধী আন্দোলনের ধারাবাহিকতায় বাঙালির স্বায়ত্তশাসনের লক্ষ্যে বঙ্গবন্ধু ১৯৬৬ সালে লাহোরে সর্বদলীয় সম্মেলনে ঐতিহাসিক ৬-দফা প্রস্তাব পেশ করেন।

তিনি বলেন, বঙ্গবন্ধু ঐতিহাসিক ৬-দফা দাবিতে শাসনতান্ত্রিক কাঠামো, কেন্দ্রীয় সরকারের ক্ষমতা, মুদ্রানীতি, রাজস্ব ও করনীতি, বৈদেশিক বাণিজ্য, আঞ্চলিক বাহিনী গঠনের বিষয়টি উল্লেখ করলেও মূলত এই ৬-দফার মধ্যেই বঙ্গবন্ধু তৎকালিন পূর্ব বাংলার রাজনৈতিক, অর্থনৈতিক, সামাজিক ও সাংস্কৃতিক স্বার্থকে তুলে ধরেন, যার মধ্যে নিহিত ছিল বাঙালির স্বাধিকার ও স্বায়ত্তশাসনের রূপরেখা।

রাষ্ট্রপতি জানান, ঐতিহাসিক ৬-দফা ঘোষণার পর শাসকগোষ্ঠী বঙ্গবন্ধুর উপর অমানবিক নির্যাতন চালায় এবং তাঁকে বারবার গ্রেফতার করে। তা সত্ত্বেও তিনি ৬-দফার দাবি থেকে পিছপা হননি। তাঁর নেতৃত্বে দাবি আদায়ের আন্দোলন বেগবান হয় এবং তা অল্প সময়ের মধ্যে সারা বাংলায় ছড়িয়ে পড়ে। শাসকগোষ্ঠী ৬-দফার আন্দোলন স্তিমিত করতে গ্রেফতার, নির্যাতনসহ কঠোর পদক্ষেপ গ্রহণ করে। ১৯৬৬ সালের ৭ জুন ৬-দফা দাবির সমর্থনে আওয়ামী লীগের আহ্বানে প্রদেশব্যাপী (তৎকালিন পূর্বপাকিস্তানে) সাধারণ ধর্মঘট চলাকালে পাকিস্তানি শাসকগোষ্ঠীর মদদে পুলিশের গুলিতে ঢাকা ও নারায়ণগঞ্জে ১১ জন শাহাদাত বরণ করেন। আহত ও গ্রেফতার হন অনেকে। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিব রাজনৈতিক স্বাধীনতার পাশাপাশি ক্ষুধা ও দারিদ্র্যমুক্ত সোনার বাংলা গড়তে চেয়েছিলেন উল্লেখ করে আব্দুল হাই এমপি তাঁর (বঙ্গবন্ধুর) সেই স্বপ্ন পূরণ তথা সুখী-সমৃদ্ধ বাংলাদেশ গড়তে সকলের প্রতি আহ্বান জানান।

## মেহেরপুরে চার্জার ফ্যানের

দাম বেড়েছে ১৫০০ থেকে ২০০০ টাকা পর্যন্ত। খুচরা বিক্রেতারা বলছেন, মার্কেটে পণ্য নেই। আমদানিকারকরা দাবি করছেন, ডলারের বাড়তি দামের কারণে পণ্য আমদানি কমেছে। বাস্তব চিত্র ভিন্ন, অতিরিক্ত গরম, তার ওপর সরকার লোডশেডিংয়ের সিদ্ধান্ত দেওয়ার পর থেকে আমদানিকারকরা রিচার্জেবল পণ্য বেশি দামে বিক্রি করছেন। তারাও বাধ্য হয়ে বেশি দামে কিনে, বাড়তি দামেই বিক্রি করছেন। বামুন্দি তাজ ইলেকট্রনিক্স এর স্বত্বাধিকারী জিহাদুল ইসলাম লিটন জানান, তীব্র তাপদহ ও বৈরী আবহাওয়ার কারণে প্রায় প্রতিটি মানুষের ঝুকছেন চার্জার ফ্যান কেনার জন্য। চাহিদা অনেক বেশি হওয়ায় আমরা ফ্যান বিক্রি করতে চাচ্ছি সেই সাথে চাহিদা তুলনায় অনেক পরিমাণে কম চার্জার ফ্যান এসে পৌঁছাচ্ছে আমাদের হাতে। অনেকের চার্জার ফ্যান না পেয়ে হতাশা নিয়েই বাড়ি ফিরছেন। গাংনী বাজারের তুহিন ইলেকট্রনিক্স এর স্বত্বাধিকারী তুহিন জানান, দোকানে সিলিং, ফ্যান টেবিল ফ্যান ও চার্জার ফ্যানের চাহিদা বেড়েছে। এই সুযোগে কিছু অসাধু ব্যবসায়ী সিলিং ফ্যান, চার্জার ফ্যান ও টেবিল ফ্যানের দাম বাড়িয়েছে। চাহিদা অপ্রতুল হাওয়াই পণ্য ডেলিভারি করতে আমরা হিমশিম খাচ্ছি।

গাংনী সাজু এন্টারপ্রাইজ এর স্বত্বাধিকারী সিরাজুল ইসলাম সাজু জানান, গত দুই সপ্তাহে কোনো কোনো পণ্যের দাম এক হাজার টাকা বেড়েছে। চায়নার একটি চার্জার ফ্যানের মূল্য ছয় মাস আগে ছিল তিন হাজার টাকা। সেটি এখন কিনতে হচ্ছে সাড়ে ৪ হাজার টাকায়। আমাদের তাহলে কত টাকায় বিক্রি করতে হবে? তিনি জানান, ডলারের মূল্য বাড়ায় আমদানি কমের অজুহাতে ব্যবসায়ীরা মালামাল দিচ্ছেন না। তাই বাজারে চার্জার ফ্যান, লাইট, কুলারসহ অন্যান্য ইলেক্ট্রনিক পণ্যের সংকট রয়েছে। চাহিদার তুলনায় সরবরাহ কম, তাই আমাদেরও বেশি দামে কিনে বাড়তি দামেই বিক্রি করতে হচ্ছে। এতে আমাদের লাভও হয় সামান্য। গাংনী বাজারের ইলেকট্রিশিয়ান আব্দুল হামিদ জানান, গত দুই সপ্তাহে চার্জার ফ্যান মেরামতের চাহিদা তিন থেকে চার গুণ বৃদ্ধি পেয়েছে। আমরা চাহিদা তুলনায় ফ্যান মেরামত করতে হিমশিম খাচ্ছি তাই দিনরাত কাজ করেও কাজ শেষ করতে পারছি না। মেহেরপুর জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের উপ-পরিচালক সজল আহমেদ জানান, চার্জার ফ্যানের মূল্য চেয়ে অতিরিক্ত মূল্যে বিক্রি হচ্ছে এমন অভিযোগ আমাদের কাছে নেই। যদি কোন ভুক্তভোগী আমাদের কাছে অভিযোগ করে তাহলে সেই সকল শোরুমের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হবে।

## ঝিনাইদহে মেধাবী শিক্ষার্থীদের

প্রধান অতিথি ছিলেন জেলা প্রশাসক এস এম রফিকুল ইসলাম। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, সরকারি কেসি কলেজের অধ্যক্ষ প্রফেসর অশোক কুমার মৌলিক, জেলা পরিষদের নির্বাহী কর্মকর্তা সেলিম রেজা, অতিরিক্ত জেলা প্রশাসক রাজীবুল ইসলাম খান, আরিফুল ইসলাম, এসডিএফ'র ঝিনাইদহের ব্যবস্থাপক কাজী হাসানুজ্জামান। এছাড়াও উপস্থিত ছিলেন এসডিএফ' জেলা কর্মকর্তা এস এম শফিকুল ইসলাম, সারওয়ার জাহান, সুলতানা বুলবুলি, সজীব কুন্ডু প্রমুখ। অনুষ্ঠানে আলোচনা সভা শেষে জেলার বিভিন্ন উপজেলার ৩৮ জন শিক্ষার্থীদের ২৪ হাজার টাকা করে শিক্ষা বৃত্তি প্রদাণ করা হয়। ৩ বছরের ৭২ হাজার টাকা বৃত্তি দেওয়া হবে অসহায় এই মেধাবী শিক্ষার্থীদের।

## কালীগঞ্জে সাংবাদিক পুত্র ওয়ারিদ

ইসরাত জাহান। একই সময় বিভিন্ন বিভাগে বিজয়ী সেরা ১২ জনকেও পুরস্কৃত করা হয়। ওয়ারিদ কালীগঞ্জ শহরের সরকারী নলডাঙ্গা ভূষণ মাধ্যমিক বিদ্যালয়ের অষ্টম শ্রেণির শিক্ষার্থী। সে শিক্ষকসহ সকলের কাছে দোয়া প্রার্থনা করেছে।

## তীব্র গরমে পথচারীদের পাশে

দক্ষিণ-পশ্চিমের জেলা চুয়াডাঙ্গায় কর্কটক্রান্তি রেখা অতিক্রম এবং ভূপ্রকৃতিসহ ৬টি কারণে গরমের তীব্রতা বেশি। ভৌগলিকভাবে এখানে গ্রীষ্মে যেমন তীব্র গরম আর শতেমনি প্রচন্ড ঠান্ডা অনুভূত হয়।

উক্ত আয়োজনে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা সদর থানার অফিসার ইনচার্জ মাহ-াব্বুর রহমান, ডিআইও -১, মোঃ আলমগীর কবীর, ডিএসবি, জেলা গোয়েন্দা শাখা অফিসার্স ইনচার্জ মোহাম্মদ আবদুল আলীম, টিআই (প্রশাসন), চুয়াডাঙ্গাসহ জেলা পুলিশের বিভিন্ন পদমর্যাদার অফিসার ও ফোর্স।

## কোটচাঁদপুরে পিকআপ ভ্যানের

যশোর মেডিকেল কলেজ হাসপাতালে নেওয়ার পথে রিফাত মারা যায়।

কোটচাঁদুর থানার ওসি মোঃ মইন উদ্দীন এতথ্য নিশ্চিত করে জানান, খবর পেয়ে ঘটনাস্থলে পুলিশ পাঠানো হয়েছে। এ ঘটনায় চালক ও হেলপার পালিয়ে গেলেও পিকআপ ভ্যানটি আটক করা হয়েছে। নিহতের পরিবারের পক্ষ থেকে লিখিত আভিযোগ পেলে মামলা নেওয়া হবে।

## গাংনীতে পুলিশ বক্সের নিকট

ট্রান্সফরমার। চোররা ট্রান্সফরমারের মধ্যে থাকা মূল্যবান জিনিসপত্র চুরি করে নিয়ে যায়। তবে আমার ধারণা এই ট্রান্সফরমার চুরি করতে ২-৩ ঘন্টা সময় লেগেছে। বামন্দী ক্যাম্প ইনচার্জ এসআই ইসরাফিল হোসেন জানান, খবর পেয়ে ঘটনাস্থলে পুলিশ পাঠানো হয়েছিল।

## টঙ্গীতে নিখোঁজ যুবকের লাশ

দিকে একই এলাকার বাসিন্দা কাজল ও সোহাগ নামে দুই ব্যক্তি রিফাতের বাসায় এসে গাজীপুর মেট্রোপলিটন গাছা থানাধীন পলাশোনা এলাকায় ভাড়ায় যেতে হবে বলে রিফাত কে নিয়ে বের হয়। রাতে অভিযুক্ত দুজন বাড়ি ফিরে হাতে ব্যাগ নিয়ে আবারো বাসা থেকে বের হয়ে যায় কিন্তু রিফাত আর রাতে বাড়ি ফিরেনি।

মঙ্গলবার দিনভর খোঁজাখুঁজির পরে আশুলিয়া থানাধীন তৈয়বপুর বাজারের পূর্বপাশে রুদ্রপুর এলাকায় ভাশমান অবস্থায় স্থানীয়রা লাশটি দেখতে পেয়ে পুলিশ কে অবগত করলে গাছা থানা পুলিশ লাশটি উদ্ধার করে।

স্থানীয় এলাকাবাসী জানায়, অভিযুক্ত কাজল ও সোহাগের বিরুদ্ধে টঙ্গী পূর্ব ও পশ্চিম থানায় একাধিক মাদক, ছিনতাই ও হত্যা মামলা রয়েছে। তারা এলাকার চিহ্নিত সন্ত্রাসী।

নিহত রিফাতের বাবা ফারুক হোসেন বলেন, এলাকার চিহ্নিত সন্ত্রাসী কাজল ও সোহাগ পূর্ব পরিকল্পিতভাবে আমার ছেলে কে হত্যা করেছে।আমি আমার ছেলে হত্যার বিচার চাই ।

এবিষয়ে গাজীপুর মেট্রোপলিটন গাছা থানা পুলিশের অফিসার ইনচার্জ ইব্রাহিম হোসেন জানান, আমরা ঘটনাটি জানার সাথে সাথে তদন্ত পূর্বক ব্যবস্থা গ্রহণ করি। সারাদিন গাছা থানা পুলিশ, টঙ্গী পূর্ব থানা পুলিশ, ফায়ার সার্ভিসের ডুবরিদল ও

নৌ পুলিশের সার্বিক প্রচেষ্টায় বিকেলে ভাশমান অবস্থায় লাশটি উদ্ধার করা হয়। নৌপুলিশ সার্বিক আইনগত ব্যবস্থা গ্রহণ করছে।

## গাবতলীতে পুলিশের উপর হামলার

একজন মাদক ব্যবসায়ী। খোকন রায় গোলাবাড়ি বন্দরে তার নিজ দোকান ও বাড়িতে থেকে সে দীর্ঘদিন যাবত নেশা জাতীয়দ্রব্য বিক্রয় করে আসছিল। গত ৫ জুন সোমবার সন্ধ্যার গোপন সংবাদের ভিত্তিতে গাবতলী মডেল থানার অফিসার ইনচার্জ সনাতন সরকারের সার্বিক তত্ত্বাবধানে সাব ইন্সপেক্টর জাহাঙ্গীর আলম ও তার সঙ্গীও ফোর্স সহ মড়িয়া হিন্দুপাড়ার মাদক ব্যবসায়ী খোকনকে তার বাড়ি থেকে বাড়ি থেকে মাদকসহ তাকে গ্রেপ্তার করে। গ্রেফতারের পর হ্যান্ডকাপসহ আসামি খোকনকে গাছের সাথে আটকে রেখে বাড়ি তল্লাশি করেছিল পুলিশ। এ সময় নারী-পুরুষ পুলিশের উপর চড়াও হয়ে ওই গাছ কেটে মাদক ব্যবসায়ী খোকন চন্দ্র কে ছিনিয়ে নিয়ে পায়ে যেতে সহায়তা করে। আসামি পালানোর প্রায় ৬ ঘণ্টা পর মঙ্গলবার রাত দেড়টায় হ্যান্ডকাপসহ আবারো তাকে গ্রেফতার করে গাবতলী মডেল থানার পুলিশ। এই বিষয়ে গাবতলী মডেল থানার অফিসার ইনচার্জ সনাতন চন্দ্র সরকার জানান, খোকন রায় একজন পেশাদার মাদক ব্যবসায়ী ইতিপূর্বেও আইন শৃঙ্খলা বাহিনী তাকে কয়েকবার গ্রেপ্তার করেছিল। খোকন চন্দ্র রায়ের বিরুদ্ধে মাদকদ্রব্য আইনে একাধিক মামলা রয়েছে।

## কালীগঞ্জে জাতির পিতা বঙ্গবন্ধু

অফিসার মাজেদুল ইসলাম, ইউপি চেয়ারম্যান আলী হোসেন অপু ও কালীগঞ্জ পৌর আওয়মী যুবলীগের আহবায়ক মনিরুজ্জামান রাসেল সহ উপজেলা প্রশাসনের বিভিন্ন দপ্তরের কর্মকর্তারা।

এর আগে ৪ জুন খেলার উদ্বোধন করেন ঝিনাইদহ-৪ আসনের সংসদ সদস্য আনোয়ারুল আজিম আনার। টুর্নামেন্টে পৌরসভা ও ১১ ইউনিয়নসহ মোট ১২ টি দল অংশগ্রহন নেয়। খেলা পরিচালনা করেন মমিনুল হক ওরফে ছোট খোকা, খাইরুল ইসলাম ও মারুফ হোসেন। এছাড়া খেলা ধারাভায়েষ্য ছিলেন, কামাল হোসেন মালিতা, ইবনে মাসুদ ও রবিউল ইসলাম।

## কালীগঞ্জে প্রয়াত সাংবাদিক

উম্মা ক্যাডেট মাদরাসার পরিচালক মাওলানা মেহেদী হাসান।

দোয়া অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, কালীগঞ্জ প্রেসক্লাবের সভাপতি ও সমকাল প্রতিনিধি জামির হোসেন, সাধারন সম্পাাদক হাবিব ওসমান, কালীগঞ্জ পৌর ব্যবসায়ী সমিতির সাধারন সম্পাদক ইমদাদুল হক ইন্তা, গ্রামের কাগজের জাহাঙ্গীর হোসেন, গাজী টিভির জেলা প্রতিনিধি ওয়ালিয়ার রহমান, প্রেসক্লাবের সাংগঠনিক সম্পাদক আরিফ মোল্লা, দৈনিক মানবকন্ঠের জেলা প্রতিনিধি শাহজাহান আলী বিপাশ, দৈনিক ইনকিলাবের সাংবাদিক আশিকুর রহমান, যায়যায়দিনের সাংবাদিক বাদশা ফরহাদ ও মুক্তির লড়াই পত্রিকার শাহিনুর রহমান পিন্টু।

## কালীগঞ্জে দৈনিক যায়যায়দিন

জাহাঙ্গীর হোসেন, গাজী টিভির জেলা প্রতিনিধি ওয়ালিয়ার রহমান, দৈনিক ভোরের দর্পন পত্রিকার জেলা প্রতিনিধি মোমিনুর রহমান মন্টু, দৈনিক মানবকন্ঠের জেলা প্রতিনিধি শাহজাহান আলী বিপাশ, দৈনিক ইনকিলাবের সাংবাদিক আশিকুর রহমান, প্রেসক্লাবের সাংগঠনিক সম্পাদক আরিফ মোল্লা, দৈনিক ভোরের কাগজ পত্রিকার সাংবাদিক বেলাল হোসেন বিজয় ও দৈনিক গণমুক্ত পত্রিকার চিফ রিপোর্টার নজরুল ইসলাম। অনুষ্ঠান শেষে যায়যায়দিনের ১৮ বছর পুর্তির কেক কাটেন মেয়র আশরাফুল আলম আশরাফ। অনুষ্ঠানটি পরিচালনা করেন, যায়যায়দিন পত্রিকার জেলা প্রতিনিধি তারেক মাহমুদ।

অনুষ্ঠানে আগত অতিথিরা তাদের বক্তব্যে বলেন যায়যায়দিন পূর্বের ন্যায় আগামি দিনগুলোতে নিরপেক্ষ, সত্য ও ন্যায়ের পথে অবিচল থেকে পাঠকের হাতে পৌছে দেবে প্রতিদিন। যায়যায়দিন দেশের পিছিয়ে পড়া অধিকার বঞ্চিত নির্যাতিত মানুষের ভাগ্য উন্নয়নে কাজ করবে বলেও আশাবাদ ব্যক্ত করেন বক্তারা।

## লালমনিরহাটে চেয়ারম্যানের বিরুদ্ধে

কর্মসূচির উপকার ভোগীদের নাম পরিবর্তন, অতি দরিদ্র কর্মসংস্থান কর্মসূচির নন ওয়েজ কস্ট ও সুবিধাভোগীদের বরাদ্দকৃত টাকায় একক সিধান্তে প্রকল্প দাখিল করে ভুয়া ভাউচারে অর্থ উত্তোলন, এডিপির বরাদ্দকৃত অর্থ সিধান্ড় ছাড়া এ এম রথবাড়ি বালিকা উচ্চ বিদ্যালয়ে আসবাবপত্র করে, স্কীম উপজেলা প্রকৌশলীর কার্যালয়ে দাখিল, বরেন্দ্র কর্তৃক গভীর নলকূপ মিটিং ছাড়া চেয়ারম্যানের বাড়ির সামনে স্থাপন, ইউপির উন্নয়ন সহায়তা তহবিলের ২০২২/২৩ অর্থবছরের বরাদ্দকৃত টাকায় ফজু মিয়ার বাড়ি হতে চেয়ারম্যানের বাড়ি পর্যন্ত এইচবিবি করন স্কীম প্রস্তাবিত হয় কিন্তু পরবর্তীকালে এই স্কিম সংশোধনের কোন মিটিং না করে চেয়ারম্যান তার একক সিদ্ধান্তে এ এম রথবাড়ি বালিকা উচ্চ বিদ্যালয়গামী রাস্তা এইচবিবি করন ও বাউন্ডারি ওয়াল নির্মাণ প্রকল্পে অর্থ ব্যয় করন, ইউনিয়ন পরিষদের অনুকূলে আসা সকল প্রকল্পের ৪০% অর্থের প্রকল্প তার অনুকূলে বাস্তবায়িত করতে হবে, ভারতীয় গরু পারাপারের ব্যবসায়ীদের নিকট হতে অর্থ গ্রহণের অভিযোগ এবং চোরাচালান প্রতিরোধ না করে কালোবাজারিদের সাথে আতাঁত করে অর্থ গ্রহণের মাধ্যমে ব্যবসাযীদের ব্যবসায় উৎসাহিত করন, হাট বাজার ইজারার ১৫% অর্থ পরিশোধের সিদ্ধান্ত ছাড়া কাজ বাস্তবায়নের পায়তারার অভিযোগ করেন ইউপি সদস্যগণ।

এ বিষয়ে মদাতি ইউনিয়নের ইউপি সদস্যগণ বলেন, তিনি চেয়ারম্যান নির্বাচিত হবার পর থেকে পরিষদের মেম্বারদের সাথে আলোচনা বা মিটিং না করেই তিনি সিধান্ত গ্রহন করায় আমরা এ অভিযোগ করে সু-বিচার কামনা করছি। এ বিষয়ে মদাতি ইউনিয়নের চেয়ারম্যান বলেন, আমার নামে ইউপি সদস্যরা অভিযোগ করেছে এটা আমার জানা নেই, আর অভিযোগ করে থাকলে অবশ্যই তদন্ত করতে হবে।

তবে কালীগঞ্জ উপজেলা নির্বাহী কর্মকর্তা জহির ঈমাম অভিযোগের সত্যতা স্বীকার করে বলেন, এ বিষয়ে চিঠি পেয়েছি উর্দ্ধতন কর্তৃপক্ষের সঙ্গে আলোচনা করে দ্রুত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন বলে জানান তিনি।

## গাংনীতে নামাজ ও গীত গেয়ে

বৃষ্টির জন্য গীত গাওয়া হয়। নারী পুরুষ মিলে এ গীত গেয়ে পানিতে নেমে প্রার্থণা করেন। আর গীতের আয়োজন করেন চরগোয়ালগ্রাম ও মোমিনপুর গ্রামবাসিরা। অপরদিকে শিমুলতলা দাসপাড়ায় বৃষ্টির জন্য ব্যাঙের বিয়ের আয়োজন করেন সনাতন ধর্মের লোকজন। নীলমন দাসের উদ্যোগে দাস সম্প্রদায়ের লোকজন সোমবার দুপুরে এ অনুষ্ঠানের আয়োজন করেন। বিয়ের অনুষ্ঠান শেষে ব্যাঙ দম্পতিকে স্থানীয় মাথাভাঙ্গা নদীতে ছেড়ে দেয়া হয়। এদিকে চুয়াডাঙ্গা আবহাওয়া অফিসের পর্যবেক্ষক আলতাফ হোসেন জানিয়েছেন, আগামী ১০ তারিখের আগে কোন বৃষ্টির সম্ভাবনা নেই।

## রাজবাড়ীর পাংশায় ভেঙে পড়লো

হোসেন বলেন, ব্রিজটির দুইটি পাটাতন (স্ল্যাব) করা হয়েছে। এর মধ্যে ব্রিজের একটি পাটাতন ঢালাইয়ের কাজ শেষে হয়েছে। কিন্তু আর একটি পাটাতন ঢালাইয়ের জন্য দোতলা মাচা পাতা হয়। ঢালাইয়ের কাজ শুরু করা হলে স্ল্যাবের ঢালাইসহ মাচা ভেঙে পড়ে। এটি একটি দুর্ঘটনা।

ঠিকাদারি প্রতিষ্ঠানের মালিক দুলাল হাজী বলেন,কাজটি মূলত আমার না। এটা উপজেলা ছাত্রলীগের সভাপতি কামাল আল মামুনের। আমার রড-সিমেন্টের দোকান আছে আর ওই ব্রিজের যত রড-সিমেন্ট সব আমি দিয়েছি। কামাল ঢাকায় থাকায় আমি গত কাল ঘটনা স্থলে যাই লেবারদের পেমেন্ট দিতে। মিস্তিরিদের ভুলের কারণে হঠাৎ ঢালায়ের সময় পাটাতন ভেঙে যায়। স্থানীয় লোকজন আমার উপর ক্ষিপ্ত হয়ে আমার মোটরসাইকেল ভেঙে ফেলে। তবে স্থানীয় একাধিক ব্যক্তি ক্ষোভ প্রকাশ করে বলেন, নিম্নমানের সামগ্রী দিয়ে তড়িঘড়ি করে কাজ করে ঠিকাদারী প্রতিষ্ঠান। কাজের শুনু থেকে নানা অনিয়ম করা হচ্ছে।কাজ চলাকালে তদারকির অনেক অভাব ছিল। অথচ এখন হঠাৎ ব্রিজটি যখন ভেঙে পড়েছে, তখন বড় বড় অফিসার আসছেন। এখন আবার ভেঙে পড়া ব্রিজের কাজ তড়িঘড়ি করে সংস্কার করা হচ্ছে। এতে কাজের মান কেমন হবে তা নিয়ে প্রশ্ন রয়েছে।

## গাংনী সায়েন্স এন্ড টেকনোলজি

জামিরুল ইসলাম টিক্কা বিশ্বাস, মেহেরপুর জেলা পরিষদের সদস্য মিজানুর রহমান, গাংনী পৌরসভার কাউন্সিলর রাশেদুল ইসলাম খোকন কৃতি শিক্ষার্থী দুলালী খাতুনকে অভিনন্দন জানান।

## মেহেরপুরে সাঁতার প্রতিযোগিতার

হয়। এবং মাসব্যাপী সাঁতার প্রশিক্ষনার্থীদের মাঝে সাঁতারের সরঞ্জামাদি প্রদান করা হয়।

## বামন্দী ইউপি চেয়ারম্যান কমল

দিবাগত রাতে প্রচন্ড গরমের কারণে তিনি নিজ বাসায় হঠাৎ অসুস্থ হয়ে পড়েন। এসময় তাকে স্থানীয় হাসপাতালে নেয়া হয়। পরে উন্নত চিকিৎসা দেয়ার লক্ষে রাতেই তাকে কুষ্টিয়া ডাক্তার মান্নান হার্ড হাসপাতালে নেয়া হয়। এদিকে চেয়ারম্যান ওবাইদুর রহমান কমলের সুস্থ্যতা কামনা করেছেন বিভি-ন্ন শ্রেণীপেশার মানুষ।

## ছয় দিনের তুরস্ক সফর শেষে

একটি ভিভিআইপি বিমান (ফ্লাইট নং বিজি ২০৮) সন্ধ্যা সাড়ে ৬টায় হযরত শাহজালাল (র.) আন্তর্জাতিক বিমানবন্দরে অবতরণ করে।

এ সময় মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রী আ ক ম মোজাম্মেল হক, মন্ত্রিপরিষদ সচিব, কূটনৈতিক কোরের ডিন, বাংলাদেশ তুরস্কের রাষ্ট্রদূত, তিন বাহিনীর প্রধানগণ, পররাষ্ট্র মন্ত্রণালয়ের মেরিটাইম অ্যাফেয়ার্স ইউনিটের সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়ের সচিব, আইজিপি, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জননিরাপত্তা বিভাগের সচিব এবং অন্যান্য বেসামরিক ও সামরিক উচ্চপদস্থ কর্মকর্তাগণ বিমানবন্দরের রাষ্ট্রপতিকে অভ্যর্থনা জানাতে উপস্থিত ছিলেন।

এর আগে, রাষ্ট্রপ্রধান তুরস্কের রাজধানী আঙ্কারার এসেনবোগা বিমানবন্দর থেকে সকাল ৭টা ৪৩ মিনিটে (আঙ্কারা সময়) ঢাকার উদ্দেশ্যে যাত্রা করেন। বিমানবন্দরে তুরস্কে বাংলাদেশের রাষ্ট্রদূত মো. আমানুল হক, তুরস্কের পররাষ্ট্র মন্ত্রণালয়ের প্রতিনিধি রাষ্ট্রদূত ওয়া তুঙ্গা কাগলি এবং আঙ্কারার ডেপুটি গভর্নর মুরাত সোয়লু এবং সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্মকর্তারা তাঁকে বিদায় জানান।

রাষ্ট্রপতি গত ১ জুন রাত ১১টায় আঙ্কারায় গ্র্যান্ড ন্যাশনাল অ্যাসেম্বলিতে তুরস্কের রাষ্ট্রপতি রিসেপ তাইয়েপ এরদোগানের শপথ গ্রহণ অনুষ্ঠানে যোগ দিতে আঙ্কারার উদ্দেশে ঢাকা ছাড়েন।

রাষ্ট্রপতির প্রেস সচিব মো. জয়নাল আবেদীন বাসসকে বলেন, বিশ্বের ৭৭টি দেশের নেতারা শপথ গ্রহণ অনুষ্ঠানে যোগ দেন।

অনুষ্ঠানে ন্যাটো এবং অর্গানাইজেশন অব ইসলামিক কো-অপারেশন (ওআইসি)-সহ আন্তর্জাতিক সংস্থার প্রতিনিধিরাও উপস্থিত ছিলেন।

বাংলাদেশের রাষ্ট্রপতি তুরস্কের প্রেসিডেন্টকে অভিনন্দন জানিয়ে সেখানে ফটো সেশনে যোগ দেন।

উভয় দেশের রাষ্ট্রপতিদ্বয় একে অপরের খোঁজ-খবর নেন।

টানা তৃতীয় মেয়াদে প্রেসিডেন্ট হিসেবে দায়িত্বভার গ্রহণ করেছেন তুরস্কের নেতা এরদোগান।

## শ্রম আইন লঙ্ঘন মামলায়

মঙ্গলবার আদালত সূত্রে এ তথ্য জানা গেছে।

আদালতে হাজির হয়ে মামলা থেকে অব্যাহতি চেয়ে ড. ইউনূসের আবেদন শুনানি শেষে খারিজ করে দেন ঢাকার তৃতীয় শ্রম আদালত।

আদালত বলেছেন, সাক্ষ্য প্রমাণে ঠিক হবে অভিযোগ সত্য কিনা। গ্রামীণ টেলিকমের ১০১ জন শ্রমিক-কর্মচারীকে স্থায়ী করার কথা থাকলেও তাদের স্থায়ী না করা, শ্রমিকদের অংশগ্রহণের তহবিল ও কল্যাণ তহবিল গঠন না করা, এছাড়া কোম্পানির লভ্যাংশের ৫ শতাংশ শ্রমিকদের দেয়ার কথা থাকলেও তা তাদের দেয়া হয়নি।

এমন অভিযোগের ভিত্তিতে ২০২১ সালের ৯ সেপ্টেম্বর শ্রম আইন লঙ্ঘনের অভিযোগে ড. মুহাম্মদ ইউনূসসহ চারজনের বিরুদ্ধে মামলা করে ঢাকার কলকারখানা ও প্রতিষ্ঠান অধিদফতর।

ঢাকার তৃতীয় শ্রম আদালতে এ মামলা করেন কলকারখানা ও প্রতিষ্ঠান অধিদফতরের শ্রম পরিদর্শক আরিফুজ্জামান। বিবাদীদের আদালতে হাজির হওয়ার জন্য সমন জারি করেন আদালত।

ড. ইউনূসের আইনজীবী ব্যারিস্টার আব্দুল্লাহ আল মামুনের দাবি তারা ন্যায় বিচার পাননি। এ আদেশের বিরুদ্ধে আপিল করা হবে কিনা তা ড. ইউনূসের সঙ্গে আলোচনা করে সিদ্ধান্ত নেয়া হবে বলেও জানান তিনি।

## মার্কিন রাষ্ট্রদূত পিটার হাসের সঙ্গে

তিনি দূতাবাস থেকে বের হন।

এর আগে সকালে প্রধানমন্ত্রীর বেসরকারি শিল্প ও বিনিয়োগ বিষয়ক উপদেষ্টার বাসভবনে বৈঠক করেন পিটার হাস। সেখানে আইনমন্ত্রী ছাড়াও পররাষ্ট্র মন্ত্রণালয়ের ডিজি উপস্থিত ছিলেন।

এর আগে গত রোববার দুপুরে পিটার হাসের সঙ্গে বৈঠক করেন জাতীয় পার্টির চেয়ারম্যান গোলাম মোহাম্মদ কাদের।

আগামী জাতীয় নির্বাচনকে সামনে রেখে এ বৈঠক গুরুত্বপূর্ণ বলে মনে করা হচ্ছে।

## ঐতিহাসিক ছয় দফা দিবস

লীগের কর্মসূচির মধ্যে রয়েছে আগামীকাল সকাল ৬টা ৩০ মিনিটে বঙ্গবন্ধু ভবন, কেন্দ্রীয় কার্যালয় ও দেশব্যাপী আওয়ামী লীগ দলীয় কার্যালয়ে জাতীয় ও দলীয় পতাকা উত্তোলন। সকাল ৭ টায় বঙ্গবন্ধু ভবন প্রাঙ্গণে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে শ্রদ্ধাঞ্জলি নিবেদন করা হবে। এছাড়াও এদিন বিকাল সাড়ে তিনটায় বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে আলোচনা সভার আয়োজন করা হয়েছে। আওয়ামী লীগ সভাপতি ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা এতে সভাপতিত্ব করবেন।

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ১৯৬৬ সালের ৫ ফেব্রুয়ারি তাসখন্দ চুক্তিকে কেন্দ্র করে লাহোরে অনুষ্ঠিত সম্মেলনের সাবজেক্ট কমিটিতে ৬-দফা উত্থাপন করেন এবং পরের দিন সম্মেলনের আলোচ্য সূচিতে যাতে এটি স্থান পায় সে ব্যাপারে সংশ্লিষ্টদের প্রয়োজনীয় ব্যবস্থা নিতে অনুরোধ করেন। কিন্তু, এই সম্মেলনে বঙ্গবন্ধুর এ দাবির প্রতি আয়োজক পক্ষ গুরুত্ব প্রদান করেনি। তারা এ দাবি প্রত্যাখ্যান করে। প্রতিবাদে বঙ্গবন্ধু সম্মেলনে যোগ না দিয়ে লাহোরে অবস্থানকালেই ৬-দফা উত্থাপন করেন। এ নিয়ে তৎকালীন পশ্চিম পাকিস্তানের বিভিন্ন খবরের কাগজে বঙ্গবন্ধুকে বিচ্ছিন্নতাবাদী নেতা বলে চিহ্নিত করা হয়। পরে ঢাকায় ফিরে বঙ্গবন্ধু ১৩ মার্চ ৬-দফা এবং এ ব্যাপারে দলের অন্যান্য বিস্তারিত কর্মসূচি আওয়ামী লীগের কার্যনির্বাহী সংসদে অনুমোদন করিয়ে নেন।

৬-দফার মূল বক্তব্য ছিল, প্রতিরক্ষা ও পররাষ্ট্র বিষয় ছাড়া সকল ক্ষমতা প্রাদেশিক সরকারের হাতে থাকবে। পূর্ববাংলা ও পশ্চিম পাকিস্তানে দু'টি পৃথক ও সহজ বিনিময়যোগ্য মুদ্রা থাকবে। সরকারের কর, শুল্ক ধার্য ও আদায় করার দায়িত্ব প্রাদেশিক সরকারের হাতে থাকাসহ দুই অঞ্চলের অর্জিত বৈদেশিক মুদ্রার আলাদা হিসাব থাকবে এবং পূর্ববাংলার প্রতিরক্ষা ঝুঁকি কমানোর জন্য এখানে আধা-সামরিক বাহিনী গঠন ও নৌবাহিনীর সদর দফতর স্থাপন করতে হবে।

বঙ্গবন্ধু ঘোষিত ৬-দফা দাবির মুখে পাকিস্তানের তৎকালীন সামরিক শাসক আইয়ুব খান বিচলিত হয়ে পড়েন। তিনি হুমকি দিয়ে বলেন, ৬-দফা নিয়ে বাড়াবাড়ি করলে অস্ত্রের ভাষায় উত্তর দেয়া হবে।

এদিকে, ৬-দফা কর্মসূচি জনগণের মাঝে পৌঁছে দেয়ার জন্য বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানসহ আওয়ামী লীগের কেন্দ্রীয় নেতৃবৃন্দ সমগ্র পূর্ববাংলা সফর করেন এবং ৬ দফাকে বাঙালির বাঁচার দাবি হিসেবে অভিহিত করেন। ফলে, শাসকগোষ্ঠী বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানসহ অন্যান্য নেতাকে বিভিন্নভাবে হয়রানি করে। যশোর, ময়মনসিংহ ও সিলেটসহ অন্যান্য কয়েকটি স্থানে ৬ দফার পক্ষে প্রচারকালে বঙ্গবন্ধু গ্রেফতার হন।

ছয় দফা দাবি আদায় প্রসঙ্গে 'কারাগারের রোজনামচা' গ্রন্থে বঙ্গবন্ধু লিখেছেন, 'আওয়ামী লীগ কর্মীরা যথেষ্ট নির্যাতন ভোগ করেছে। ছয় দফা দাবি যখন তারা দেশের কাছে পেশ করেছে তখনই প্রস্তুত হয়ে গিয়াছে যে তাদের দুঃখ কষ্ট ভোগ করতে হবে। এটা ক্ষমতা দখলের সংগ্রাম নয়, জনগণকে শোষণের হাত থেকে বাঁচাবার জন্য সংগ্রাম।' তিনি আরও লিখেছেন, 'আমার বিশ্বাস আছে আওয়ামী লীগের ও ছাত্রলীগের নিঃস্বার্থ কর্মীরা, তাদের সাথে আছে। কিছু সংখ্যক শ্রমিক নেতা, যারা সত্যই শ্রমিকদের জন্য আন্দোলন করে-তারাও নিশ্চয়ই সক্রিয় সমর্থন দেবে। এত গ্রেপ্তার করেও এদের দমাইয়া দিতে পারে নাই।'

পরবর্তী সময়ে ঐতিহাসিক ৬ দফাভিত্তিক নিয়মতান্ত্রিক আন্দোলনই ধাপে ধাপে বাঙালির স্বাধীনতা সংগ্রামে পরিণত হয়। এ দাবির সপক্ষে বাঙালি জাতির সর্বাত্মক রায় ঘোষিত হয় ১৯৭০ সালের ঐতিহাসিক সাধারণ নির্বাচনের মধ্যদিয়ে। ওই নির্বাচনে আওয়ামী লীগকে সংখ্যাগরিষ্ঠ আসনে বাঙালিরা বিজয়ী করে।

অবিসংবাদিত নেতা বঙ্গবন্ধুর দলকে জনগণ বিজয়ী করলেও স্বৈরাচারী পাকিস্তানের শাসকরা বিজয়ী দলকে সরকার গঠন করতে না দিলে আবারো বঙ্গবন্ধু জাতিকে ঐক্যবদ্ধ করে স্বাধীনতার পক্ষে আন্দোলন শুরু করেন। এরই ধারাবাহিকতায় বঙ্গবন্ধুর নেতৃত্বে ১৯৭১ সালে সশস্ত্র মুক্তিযুদ্ধের মাধ্যমে অভ্যুদয় ঘটে স্বাধীন সার্বভৌম বাংলাদেশের।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য এবং বাংলাদেশ সংবাদ সংস্থা (বাসস)-এর পরিচালনা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক ড. আ. আ. ম. স আরেফীন সিদ্দিক বলেন, ৬ দফাই এনে দিয়েছে আমাদের তথা বাংলাদেশের স্বাধীনতা। তিনি বলেন, বঙ্গবন্ধুর দূরদৃষ্টি, অন্তঃদৃষ্টি ও রাজনৈতিক বিচক্ষণতা এতই প্রখর ছিল যে, তিনি ৬ দফাকে এক দফা দাবিতে পরিণত করে বাংলার স্বাধীনতার আন্দোলনের ডাক দেন।

## মূল্যস্ফীতি কমাতে প্রয়োজনীয়

হবে। একনেক সভায় প্রধানমন্ত্রী বলেছেন, মূল্যস্ফীতি মোকাবিলা করতেই হবে। প্রথম উদ্দেশ্য আর যাতে না বাড়ে। এনাফ, নো মোর। বাজারে স্টক বাড়াতে হবে। ইমপোর্ট অথবা ইন্টারনাল প্রোডাকশন (অভ্যন্তরীণ উৎপাদন) বৃদ্ধি করতে হবে। দেশব্যাপী বিভিন্ন পয়েন্টে নিত্যপণ্যের স্টক বাড়াতে হবে। টিসিবিকে শক্তিশালী স্টক করতে হবে। শুধু ঢাকায় স্টক করলে হবে না। রাজশাহী, খুলনা, সিলেট, চট্টগ্রামসহ বিভিন্ন জায়গায় সংবেদনশীল পণ্যের স্টক বাড়াতে হবে। বৈজ্ঞানিক ভিত্তিতে চাল, ডাল, আলু, তেল, পেঁয়াজ যা আছে সব কিছুর স্টক বাড়াতে হবে। এসব কৌশল নিতে হবে।

পাশাপাশি মূল্যস্ফীতি কেন বাড়ছে গবেষণা করে এটার কারণ খুঁজে বের করার নির্দেশ দিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।

## তাপপ্রবাহ চলবে আরো কিছুদিন

অধিদপ্তরের আবহাওয়াবিদ মো. মনোয়ার হোসেন জানিয়েছেন, চলতি সপ্তাহে দক্ষিণ-পশ্চিম মৌসুমি বায়ু তথা বর্ষা টেকনাফ উপকূলে পৌঁছাতে পারে। সেক্ষেত্রে বাড়বে বৃষ্টিপাতের প্রবণতা। এই সময় জুড়ে তাপপ্রবাহের সঙ্গে থাকবে ভ্যাপসা গরমও। তবে কোথাও কোথাও বজ্রসহ বৃষ্টিপাত হলে সাময়িকভাবে কমবে গরম অনুভূতি। তবে দেশের বেশির ভাগ জায়গায় আপাতত বৃষ্টির সম্ভাবনা নেই।

গতকাল সর্বোচ্চ তাপমাত্রা রেকর্ড করা হয়েছে রাজশাহীতে ৪০ দশমিক ৭ ডিগ্রি সেলসিয়াস। ঢাকার সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৮ দশমিক ৬ ডিগ্রি সেলসিয়াস।

এ ব্যাপারে আবহাওয়াবিদ এ কে এম নাজমুল হক বলেন, গতকাল ঢাকার স্বাভাবিক তাপমাত্রা ৩৩ ডিগ্রি সেলসিয়াস থাকার কথা ছিল। কিন্তু রেকর্ড করা হয়েছে ৩৮.৬ ডিগ্রি সেলসিয়াস। এর মানে ঢাকার তাপমাত্রা ৫.৬ ডিগ্রি সেলসিয়াস বেশি ছিল।

## ছয়-দফা দিবস উপলক্ষে আওয়ামী

সভাপতিত্ব করবেন আওয়ামী লীগ সভাপতি ও প্রধানমন্ত্রীশেখ হাসিনা।

আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এবং সড়ক পরিবহন ও সেতু মন্ত্রী ওবায়দুল কাদের আগামীকাল ৭ জুন ঐতিহাসিক ৬-দফা দিবস পালন উপলক্ষে গৃহীত কেন্দ্রীয় কর্মসূচির সঙ্গে সামঞ্জস্যপূর্ণ বিভিন্ন উপযোগী কর্মসূচী গ্রহণের মধ্য দিয়ে দেশব্যাপী সকল জেলা, মহানগর, উপজেলা, পৌরসভা, ইউনিয়ন ও ওয়ার্ডে স্বাস্থ্য সুরক্ষা-বিধি মেনে যথাযোগ্য মর্যাদায় দিবসটি পালন করার জন্য আওয়ামী লীগ ও এর সহযোগী ও ভ্রাতৃপ্রতিম সংগঠনসমূহের সর্বস্তরের নেতা-কর্মী, সমর্থক এবং জনগণের প্রতি আহ্বান জানিয়েছেন।

## জেলায় জেলায় বিদ্যুৎ অফিসের

বেলা ১১টা থেকে ১২টা পর্যন্ত অবস্থান কর্মসূচি এবং স্মারকলিপি প্রদান করা হবে।

সংবাদ সম্মেলনে অন্যদের মধ্যে ঢাকা মহানগর দক্ষিণ বিএনপির আহবায়ক আব্দুস সালাম, স্বেচ্ছাসেবক বিষয়ক সম্পাদক মীর সরাফত আলী সফু, প্রচার সম্পাদক শহীদ উদ্দিন চৌধুরী এ্যানি, সহসাংগঠনিক সম্পাদক সেলিমুজ্জামান সেলিম, নির্বাহী কমিটির সদস্য আব্দুস সাত্তার পাটোয়ারী প্রমুখ উপস্থিত ছিলেন।

## সাতবছর পর সৌদিতে আজ

চালু করা হবে। তবে সৌদি আরব ঠিক কবে তেহরানে পুনরায় দূতাবাস চালু করবে অথবা কাকে রাষ্ট্রদূত হিসেবে নিয়োগ দেবে, সে বিষয়ে এখনও কোনও নিশ্চিত তথ্য জানা যায়নি। ইরান গত মাসে রিয়াদে সৌদি রাষ্ট্রদূত হিসেবে আলিরেজা এনায়াতির নাম ঘোষণা করে।

দীর্ঘ বৈরিতার অবসান ঘটিয়ে গত ১০ মার্চ চীনের মধ্যস্থতায় পুনরায় কূটনৈতিক সম্পর্ক স্থাপনের চুক্তিতে সই করে ইরান ও সৌদি আরব। ২০০৩ সালে ইরাকে মার্কিন আগ্রাসনের পর সৌদি আরব ও ইরানের মধ্যকার দ্বন্দ্ব বা উত্তেজনা ছায়াযুদ্ধে রূপ নেয়। এতে সম্পর্কের চরম অবনতি হয় দুই দেশের মধ্যে।

## হাইতিতে ভয়াবহ বন্যা

বাস্তুচ্যুত মানুষের সংখ্যা ছাড়িয়েছে ১৩ হাজার, আর এখোনো নিখোঁজ আছেন ১১ জন। হাইতির প্রধানমন্ত্রী এরিয়েল হেনরি টুইট বার্তায় বলেন, 'সরকার, জাতীয় এবং আন্তর্জাতিক সংস্থাগুলো এক হয়ে পরিস্থিতি মোকাবিলা করছে।' বৃষ্টি অব্যাহত থাকায় মৃত্যুর সংখ্যা আরো বাড়তে পারে বলে ধারণা করা হচ্ছে। বন্যাকবলিত এলাকাগুলোতে কাজ করছে জরুরি পরিষেবাগুলো। এক টুইটে বিশ্ব খাদ্য সংস্থা (ডব্লিওএফপি) জানায়, 'আমরা দ্রুত বাস্তুচ্যুত লোকদের জন্য খাবার সরবরাহ শুরু করবো।

পরিস্থিতি কবে নাগাদ স্বাভাবিক হতে পারে আবহাওয়া পূর্বাভাসে জানা যায়নি। হাইতি এরই মধ্যে নানা সংকটে নিমজ্জিত। ক্যারিবীয় এই দেশটি আন্তর্জাতিক সহায়তার ওপর নির্ভরশীল। লুটেরা বাহিনীর সহিংসতা ও রাজনৈতিক অস্থিতিশীলতার পাশাপাশি অর্থনৈতিক মন্দায় হিমশিম খাচ্ছে দেশটি। তার মধ্যে নতুন করে ভয়াবহ দুর্যোগ হিসেবে হাজির হলো বন্যা।

## ইভ্যালির রাসেলের জামিন

করীম। রাষ্ট্রপক্ষে ছিলেন ডেপুটি অ্যাটর্নি জেনারেল সারওয়ার হোসেন বাপ্পী। অ্যাডভোকেট আহসানুল করিম বলেন, রাসেলের বিরুদ্ধে আরও মামলা থাকায় তিনি এখনই কারামুক্তি পাচ্ছেন না।

ডেপুটি অ্যাটর্নি জেনারেল সারওয়ার হোসেন বাপ্পী বলেন, রাসেলের জামিন আদেশ স্থগিত চেয়ে আপিল বিভাগে আবেদন করা হবে।

প্রতারণার দায়ে ২০২১ সালের ১৬ সেপ্টেম্বর মো. রাসেল তার স্ত্রীসহ গ্রেপ্তার হন। ওই দিন বিকেল পাঁচটার দিকে রাজধানীর মোহাম্মদপুরের স্যার সৈয়দ রোডের বাসা থেকে আটক করে র‍্যাব। পরে অবশ্য তার স্ত্রী জামিনে মুক্তি পান। ২০২১ সালের ৩০ সেপ্টেম্বর ইভ্যালির গ্রাহক মোহাম্মদ আলমগীর হোসেন বাদী হয়ে ওই দম্পতিসহ অজ্ঞাত ১৫ থেকে ২০ জনকে আসামি করে বাড্ডা থানায় মামলাটি করেন। মামলায় বলা হয়, ২০২০ সালের ১ জানুয়ারি থেকে সেপ্টেম্বর পর্যন্ত ইভ্যালি থেকে ইলেকট্রনিক পণ্য কেনার জন্য বিকাশ ও নগদের মাধ্যমে ২৮ লাখ টাকা পাঠান অভিযোগকারী। ইভ্যালির অর্ডার দেওয়ার ৪৫ দিনের মধ্যে পণ্য ডেলিভারি দেওয়ার কথা থাকলেও ৭ মাস পেরিয়ে গেলেও তিনি তা পাননি। এ মামলায় চলতি বছরের ২ মার্চ ঢাকার সাইবার ট্রাইব্যুনালের বিচারক এ এম জুলফিকার হায়াত অভিযোগ গঠন করে আদেশ দেন। মামলার তদন্ত কর্মকর্তা পুলিশের অপরাধ তদন্ত বিভাগের (সিআইডি) উপ-পরিদর্শক (এসআই) প্রদীপ কুমার দাস গত বছরের ১৬ সেপ্টেম্বর আদালতে অভিযোগপত্র দাখিল করেন।

## গরম আর লোডশেডিংয়ে

দিনের বেলা বিভিন্ন কলকারখানায় উৎপাদন ব্যাহত হচ্ছে। রাতের বেলা মানুষ ঘুমাতে পারছে না।' পশ্চিমাঞ্চল বিদ্যুৎ বিতরণ কোম্পানি (ওজোপাডিকো) লিমিটেড চুয়াডাঙ্গার নির্বাহী প্রকৌশলী পলাশ কুমার ঘোষ বলেন, 'আমাদের কার্যালয়ের অধীন পিক আওয়ারে (বিকেল ৪টা থেকে রাত ১২টা পর্যন্ত ৮ ঘণ্টা) ১৯ মেগাওয়াট এবং অফপিক আওয়ারে (রাত ১২টা থেকে পরদিন বিকেল ৪টা পর্যন্ত ১৬ ঘণ্টা) ১৬ মেগাওয়াট বিদ্যুতের প্রয়োজন হয়। সেখানে গড়ে পিক আওয়ারে সাড়ে ১৩ মেগাওয়াট এবং অফপিক আওয়ারে ১৪ মেগাওয়াট বিদ্যুৎ সরবরাহ মিলছে। গ্রিড কোম্পানি থেকে সরবরাহ কম পাওয়ায় গ্রাহকের চাহিদা অনুযায়ী বিতরণ করা সম্ভব হচ্ছে না। প্রতিটি ফিডারে পর্যায়ক্রমে লোডশেডিং দিতে হচ্ছে।' গরমে অনেকেই রিচার্জেবল ফ্যান-লাইট ও আইপিএস কিনছেন। এই চাহিদা বৃদ্ধির সুযোগে ব্যবসায়ীরা এসব পণ্যের দাম বাড়িয়ে দিয়েছেন। অভিযোগ রয়েছে, সুযোগ বুঝে দোকানদারেরা এসব পণ্যে ৭০০ থেকে ৯ হাজার টাকা পর্যন্ত বাড়তি দাম হাঁকছেন।

১৯৯২ সালের ১ জানুয়ারী থেকে প্রকাশিত
দৈনিক এই আমার দেশ
Daily Eai Amar Desh e-paper.eaiamardesh.com www.eaiamardesh.com



# দুই বউয়ের যন্ত্রনায় স্বামীর আত্মহত্যা



**সুমন আহম্মেদ :** ঝিনাইদহ সদর উপজেলার সাগান্না ইউনিয়ের রাধানগর গ্রামের দুই বউয়ের যন্ত্রনায় প্রাণ গেল স্বামীর। কীটনাশক ব্যবসায়িক রাশিদুল ইসলাম রাধানগর গ্রামের ইজা আলির ছেলে। মঙ্গলবার ভোর রাতে গলায় ফাস নিয়ে নিজ বাড়ীতে আত্মহত্যা করে।
প্রতিবেশীরা জানান, রাশিদুলের দুই সন্তান ও স্ত্রী থাকার পরও নিজ এলাকায় এক প্রবাসীর স্ত্রীর সাথে পরকীয়ায় লিপ্ত হয়। পরবর্তীতে বিবাহ বন্ধনে আবদ্ধ হয়। দ্বিতীয় স্ত্রীর স্বামী বিদেশে থেকে দেশে আসলে রাশিদুলের নামে মামলা করে। আবার দ্বিতীয় বিবাহ ও দ্বিতীয় স্ত্রীর নিকট থাকার কারনে পারিবারিক অশান্তি প্রকট আকার ধারন করে। এ কারনেই রাশিদুল গলায় ফাস নিয়ে নিজ বাড়ীতে আত্মহত্যা করে।
এ বিষয়ে ডাকবাংলা ক্যাম্প ইনচার্জ এসআই জাকারিয়া জানান, পারিবারিক কলহের কারণে আত্মহত্যার ঘটনা ঘটেছে বলে প্রাথমিক ভাবে ধারনা করা হচ্ছে। লাশ ময়না তদন্তের জন্য ঝিনাইদহ সদর হাসপাতাল মর্গে পাঠানো হয়েছে।




# গাংনীর কাজীপুরে বৃষ্টির জন্য নামাজের মাধ্যমে প্রার্থনা

**গাংনী প্রতিনিধি :** প্রচন্ড রদে ও তাপদাহে জনজীবন বিপর্যস্ত হয়ে পড়েছে। কষ্টে পড়েছে সকল প্রাণীকূল। এ কারণে মেহেরপুরের গাংনী উপজেলার কাজীপুর গ্রামবাসি বৃষ্টির জন্য নামাজ আদায়ের মাধ্যমে মহান আল্লাহর কাছে প্রার্থনা করেছে।
মঙ্গলবার সকালে কাজীপুর এলাকার মুসল্লিরা নামাজ আদায় করে প্রার্থনা করেন। কাজীপুর ডামোশ বিলে কয়েক হাজার মুসল্লি জমায়েত হয়। সেখানে বৃষ্টির জন্য বয়ান শেষে নামাজ অনুষ্ঠিত হয়। নামাজে ইমামতি করেন কাজীপুর দারুল উলুম দাখিল মাদ্রাসার সুপার আব্দুর রশিদ আকতার।

# শতাধিক নারীকে গণধর্ষণ: ‘আজমীর ৯২’ নিষিদ্ধের দাবি

**বিনোদন ডেস্ক :** বলিউডের বিতর্কিত সিনেমা ‘দ্য কেরালা স্টোরি’। কয়েকটি রাজ্যে এটি নিষিদ্ধ করা হয়েছে। তারপরও বক্স অফিসে সাড়া ফেলেছে এটি। এবার ‘আজমীর ৯২’ সিনেমা নিষিদ্ধের দাবি জানিয়েছে জামিয়াত ওলামা-ই-হিন্দ। খবর টাইমস অব ইন্ডিয়ার। রোববার সংগঠনটির সভাপতি মাওলানা মাহমুদ মাদানি বলেন, ‘এ সিনেমা মুক্তি পেলে সমাজে বিভেদ ও ফাটল তৈরি করবে। তাই কেন্দ্রীয় সরকারের কাছে দাবি জানাচ্ছি, এ সিনেমা নিষিদ্ধ করা হোক। আর যারা সমাজে বিভেদ তৈরি করছে তাদের নিরুৎসাহী করা হোক।’
বিশেষ একটি ধর্মের সঙ্গে অপরাধমূলক কর্মকাণ্ড যুক্ত করে দেওয়া হচ্ছে। তা উল্লেখ করে মাওলানা মাহমুদ মাদানি বলেন, ‘‘হিন্দু-মুসলিমের ঐক্যের প্রতীক এবং ‘প্রকৃত সুলতান’ খাজা মুঈনুদ্দিন চিশতি আজমীর। লাখ লাখ মানুষের হৃদয়ে জায়গা করে নিয়েছেন তিনি। কিন্তু বর্তমানে সমাজকে বিভক্ত করতে যেভাবে বিভিন্ন পন্থা অবলম্বন করা হচ্ছে, তা একেবারে বাঞ্ছনীয় নয়। সিনেমা-সোশ্যাল মিডিয়াকে ব্যবহার করে একটি নির্দিষ্ট ধর্মের সঙ্গে যাবতীয় অপরাধমূলক কর্মকাণ্ডকে যুক্ত করে দেওয়া হচ্ছে, যা আমাদের ক্ষতি করছে।’’
শতাধিক নারীকে গণধর্ষণ ও ব্ল্যাকমেইলের সত্য ঘটনা অবলম্বনে নির্মিত হয়েছে ‘আজমীর ৯২’। ১৯৯২ সালে আজমীরে এ ঘটনা ঘটেছিল। হিন্দুস্তান টাইমস জানিয়েছে, নব্বই দশকের গোড়ার দিকে রাজস্থান একটি গ্যাং সক্রিয় হয়েছিল। যারা স্কুল-কলেজ ছাত্রী ও তরুণীদের ফুঁসলিয়ে নিয়ে গণধর্ষণ করত। আর সেই মুহূর্তের ছবি তুলে ব্ল্যাকমেইল করা হতো। একটি ল্যাবে সেই ছবি প্রিন্ট করে তা ছড়িয়ে দিতো ওই গ্যাং। সেই ছবি দেখিয়ে নির্যাতিতাকে লাগাতার গণধর্ষণ করা হতো। শুধু তাই নয়, নির্যাতিত তরুণীদের বান্ধবীদেরও ফার্মহাউজে নিয়ে যাওয়ার চাপ দেওয়া হতো। দ্য প্রিন্ট এক প্রতিবেদনে জানিয়েছিল, পৈশাচিক এই ঘটনায় ফারুক চিশতি এবং নাফিস চিশতি জড়িত থাকার অভিযোগ উঠেছিল। যাদের সঙ্গে আজমীর শরীফ দরগার যোগ ছিল। ১৯৯২ সালে রাজস্থান পুলিশের উপ-মহানির্দেশক ছিলেন আমেন্দ্র ভরদ্বাজ।

# এশিয়া কাপ নিয়ে বাংলাদেশের ওপর ক্ষোভ ঝাড়লেন আফ্রিদি

**ক্রীড়া প্রতিবেদক :** চলতি বছরের সেপ্টেম্বরে শুরু হওয়ার কথা এশিয়া কাপ টুর্নামেন্টের। টুর্নামেন্টেটির এবারের আসরের আয়োজক ছিল পাকিস্তান। কিন্তু পাকিস্তানের মাটিতে ভারতের অংশ নিতে না চাওয়ায় তা নিয়ে অনেকদিন ধরেই চলছে আলোচনা । পিসিবি ভারতের ম্যাচগুলো সংযুক্ত আরব আমিরাতে রেখে বাকি ম্যাচগুলো নিজেদের মাঠে আয়োজন করার প্রস্তাব দিয়েছিল। তবে এমন ভ্রমণ সূচি মানতে নারাজ বাংলাদেশ ও শ্রীলঙ্কা। দুবাইয়ের অসহনীয় গরমের কারণে বাংলাদেশ সেখানে যেতে রাজি নয় । এমন গরমে খেলোয়াড়দের ক্রিকেট খেলা চালিয়ে যাওয়ার জন্য চ্যালেঞ্জিং। তবে আবহাওয়া নিয়ে এমন অজুহাত দেওয়াকে একদমই মানতে পারছেন না পাকিস্তানের কিংবদন্তি অলরাউন্ডার শহিদ আফ্রিদি।
আসন্ন এশিয়া কাপ প্রসঙ্গে গণমাধ্যমকে আফ্রিদি বলেন, ‘পেশাদার ক্রিকেটারদের আবহাওয়ার ওপর নির্ভর করে খেললে চলে না। শারজায় সকাল ১০টায় আমরা ম্যাচ খেলেছি। বাউন্ডারি লাইনের কাছাকাছি যাওয়ার সময় আমাদের খুব ক্লান্ত লেগেছিল। খুব গরম ছিল তখন। এমনটা হবেই। একই সঙ্গে তাতে আপনার ফিটনেস লেভেল কেমন তা বোঝা যাবে। আমিরাতে প্রচণ্ড গরম, এভাবে বলে তো অজুহাত দেওয়াই যায়।’
এর আগে পাকিস্তানের বিকল্প ভেন্যুতে খেলার প্রস্তাব নিয়ে বিসিবির ক্রিকেট অপারেশন্স চেয়ারম্যান জালাল ইউনুস বলেছিলেন, ‘৫০ ওভারের ম্যাচ আমরা দুবাইতে খেলতে চাচ্ছিলাম না কারণ অনেক গরম সেখানে। আমাদের সামনে বিশ্বকাপ আছে। আমাদের ক্রিকেটারদের চোটের ব্যাপারে চিন্তাভাবনা করেই আমরা চাচ্ছিলাম না যে ৫০ ওভারের ম্যাচ দুবাইতে খেলতে। যদি ২০ ওভারের টি-টোয়েন্টি ম্যাচ হত সেটা ঠিক ছিল। ৫০ ওভারের ম্যাচ আমরা খেলতে চাচ্ছি না সেখানে, সেটা আমরা জানিয়ে দিয়েছি আগেই।’
এদিকে ভারতীয় গণমাধ্যম জানিয়েছে, এশিয়া কাপ নিয়ে চূড়ান্ত সিদ্ধান্ত নিয়ে ফেলেছে এশিয়ান ক্রিকেট কাউন্সিল। বিসিসিআই সচিব জয় শাহ পাকিস্তানের প্রস্তাবিত হাইব্রিড মডেলকে একবাক্যে খারিজ করে দিয়েছেন । বিকল্প ভেন্যু হিসেবে একমাত্র শ্রীলঙ্কাতেই এশিয়া কাপ আয়োজন হতে পারে। এশিয়া কাপ আয়োজনে সার্বিকভাবে প্রস্তুত আছে বলেও জানিয়েছিল দ্বীপরাষ্ট্রটি।
এশিয়ার প্রতিটি দলই শ্রীলঙ্কায় গিয়ে খেলতে রাজি হয়েছে। যেহেতু ভারতসহ চারটি দেশই শ্রীলঙ্কায় খেলতে চায়, ফলে এশিয়া কাপ আয়োজনের দায়িত্বে শ্রীলঙ্কার নাম প্রায় নিশ্চিত হয়ে গেছে। তবে পাক বোর্ড সাফ জানিয়েছিল এশিয়া কাপ আয়োজন করতে না পারলে তারা টুর্নামেন্টে অংশগ্রহণ করবে না।

## হারিয়েছে

আমি মোঃ বাদশা আলম, পিতা-মোঃ আব্দুস সালাম, মাতা-রাহেলা বেগম, গ্রাম চর খাটামারী, ইউনিয়ন-কুলাঘাট, থানা ও জেলা- লালমনিরহাট। আমার দাখিল পরীক্ষার মূল নম্বরপত্র গত ১০/০৫/২০২৩ ইং তারিখে সকাল ১১টা ১৫ মিনিটে নিজ বাড়ি হইতে খাটামারী বাজারের পাশ্বে এলাকায় নিজের অজান্তে হারিয়ে যায়। যাহার রেজিষ্ট্রেশন নং- ১৭১৮৮৩৩৭০৬, রোল নং- ১৬৫৩৮১( মাদ্রাসা বোর্ড)। মানবিক বিভাগ, শিক্ষাবর্ষ-২০১৮-২০১৯ ইং। জিপিএ- ৩.৬৩, পাশের সন-২০২০ইং।(চর কুলাঘাট দাখিল মাদ্রাসা)। এই মর্মে লালমনিরহাট সদর থানায় জিডি করা হয়। যাহার জিডি নং-২৭, তারিখঃ ০১/০৬/২০২৩ইং।

# ইউক্রেনের বিরাট বাঁধ উড়িয়ে দিয়েছে রাশিয়া



**আন্তর্জাতিক ডেস্ক :** ইউক্রেনের রাশিয়া নিয়ন্ত্রিত অঞ্চলে একটি বিরাট বাঁধ হামলা চালিয়ে পুরোপুরি উড়িয়ে দিয়েছে রাশিয়া। বাঁধ ভেঙে যাওয়ার ফলে যুদ্ধ বিধ্বস্ত দেশটির কয়েকটি অঞ্চলে পানির ঢল নেমে এসেছে। ঘটনার পরে জরুরি বৈঠক ডেকেছেন ইউক্রেনের প্রেসিডেন্ট। বিবিসি জানিয়েছে, গতকাল মঙ্গলবার ইউক্রেনের রাশিয়ার সেনাবাহিনীর দ্বারা অধিকৃত খেরসন এলাকায় ডিনিপ্রো নদীর উপর অবস্থিত নোভা কাখোভকা নামক একটি বাঁধ উড়িয়ে দিয়েছে রাশিয়া। এটিই ছিল ইউক্রেনের দক্ষিণ অঞ্চলের সবচেয়ে বড় বাঁধ। তবে বাঁধ ধ্বংসের বিষয়ে এখনও কোন কিছু স্বীকার করেনি রুশ বাহিনী। বাঁধ ধ্বংসের জন্য ইউক্রেনকে দায়ী করছে তারা। অপর দিকে ইউক্রেন সেনাবাহিনী জানিয়েছে রাশিয়ায় বাঁধটি উড়িয়ে দেয়ার জন্য দায়ী। এভাবেই একে অপরকে দোষারোপ করছে যুদ্ধে লিপ্ত দুটি দেশ। এদিকে নোভা কাখোভকা নামক এই বাঁধটি ভেঙে পড়ার পর জরুরি ভিত্তিতে ইউক্রেনের নিরাপত্তা পরিষদ ও প্রতিরক্ষা কাউন্সিলের সাথে বৈঠক ডেকেছেন ইউক্রেনের প্রেসিডেন্ট ভলোদিমির জেলেনস্কি। গতকাল মঙ্গলবার একটি টেলিগ্রাম বার্তায় ইউক্রেন প্রশাসন জানায়, দেশটির বিভিন্ন স্থানে পানির স্তর ক্রমাগত বৃদ্ধি পাচ্ছে। এমন অবস্থায় জরুরি ভিত্তিতে বিপদ আক্রান্তদের সবরকম বিদ্যুৎ সংযোগ বন্ধ করে দিতে বলা হয়েছে। এছাড়াও বার্তায়, অঞ্চলগুলোকে স্থানীয় পুলিশ সদস্যদের নির্দেশ অনুসরণ করতে বলা হয়েছে। ১৯৫৬ সালে অন্তত ৯৮ ফুট চওড়া এবং প্রায় সাড়ে ৩ কিলোমিটার দীর্ঘ বাঁধটি ইউক্রেনের কাখোভকা জলবিদ্যুৎ কেন্দ্রের অংশ হিসেবে ডিনিপ্রো নদীর ওপর নির্মাণ করা হয়।

# পোল্যান্ডের বিরুদ্ধে ইউরোপীয় আদালতের রায়

**আন্তর্জাতিক ডেস্ক :** বিচার বিভাগের সংস্কারের নামে পোল্যান্ডের সরকার অগণতান্ত্রিক আইন প্রণয়ন করেছে বলে রায় দিয়েছে ইউরোপের শীর্ষ আদালত। ফলে ইইউ-র আর্থিক অনুদান থেকে বঞ্চিত থাকছে সে দেশ। এক প্রতিবেদনে এমনটি জানিয়েছে সংবাদমাধ্যম ডয়চে ভেলে। ইউরোপে ‘পপুলিস্ট্ সরকারগুলির দিনকাল মোটেই ভালো যাচ্ছে না। প্রকৃত গণতান্ত্রিক কাঠামো, আইনের শাসন, দুর্নীতি ইত্যাদি প্রশ্নে ইউরোপীয় ইউনিয়ন অত্যন্ত কড়া অবস্থান নেওয়ায় পোল্যান্ড ও হাঙ্গেরির মতো দেশের সরকার বার বার বিপাকে পড়ছে। কখনো কোটি কোটি ইউরো অংকের ইইউ আর্থিক অনুদান আটকে রাখা হচ্ছে, কখনো অন্যান্য শাস্তিমূলক পদক্ষেপ মেনে নিতে হচ্ছে এই দুই দেশকে। সোমবার ইউরোপীয় আদালতের একটি রায় পোল্যান্ডের অবস্থান আরও দুর্বল করে তুলেছে। নির্বাচনের বছরে এমন চাপ সে দেশের সরকারের জন্য বেশ অস্বস্তিকর হয়ে উঠলো। ২০১৯ সালের ডিসেম্বর মাসে পোল্যান্ডের সরকার বিচার বিভাগের ‘সংস্কার্-এর দোহাই দিয়ে যে সব বিতর্কিত আইন প্রণয়ন করেছিল, সেগুলি ইউরোপীয় ইউনিয়নের গণতান্ত্রিক নীতির সঙ্গে সামঞ্জস্যপূর্ণ নয়। সোমবার শীর্ষ ইউরোপীয় আদালতের এই রায় পোল্যান্ডের ক্ষমতাসীন ‘ল অ্যান্ড জাস্টিস্ দলের জন্য বড় ধাক্কা, সে বিষয়ে সন্দেহ নেই। ইউরোপিয়ান কোর্ট অফ জাস্টিসের রায় অনুযায়ী, পোল্যান্ডের বিচারপতিদের যেভাবে অনলাইনে কোনো সংঘ, অলাভজনক ফাউন্ডেশন বা রাজনৈতিক দলের সদস্যপদ ঘোষণা করতে বাধ্য করা হচ্ছে, তার ফলে তাঁদের গোপনীয়তার অধিকার খর্ব করা হচ্ছে।

# গেম খেলে ৬৮ লাখ টাকা খোয়ালো চীনা কিশোরী

**আন্তর্জাতিক ডেস্ক :** অনলাইন গেমে চার মাসে প্রায় ৪ লাখ ৫০ হাজার ইয়ুন খরচ করেছে এক চীনা কিশোরী। যা বাংলাদেশি মুদ্রায় ৬৮ লাখ টাকা। চীনের স্থানীয় গণমাধ্যম সাউথ চীনা মর্নিং পোস্টের বরাত দিয়ে এনডিটিভি এ খবর জানায়। প্রতিবেদনে জানা যায়, ১৩ বছর বয়সী মাধ্যমিক স্কুলের হেনান প্রদেশের ওই শিক্ষার্থী অনলাইন গেমে আসক্ত। আর আসক্তি থেকেই সে তার মায়ের ডেবিট কার্ড দিয়ে বিশাল অঙ্কের গেম কিনে। পরবর্তীতে ওই কিশোরীকে মোবাইল ফোনে বেশি সময় ব্যয় করতে খেয়াল করেন তার স্কুলের শিক্ষক। এতে তার সন্দেহ হয় যে, ওই কিশোরী হয়তো অনলাইন গেমে আসক্ত। এরপর তিনি কিশোরীর মাকে এ বিষয়ে জানালে এ বিস্ময়কর তথ্য সামনে আসে। এলিফেন্ট নিউজের এক প্রতিবেদনে জানা যায়, কিশোরীর মা ওয়াংয়ের অ্যাকাউন্টে আর মাত্র ০.৫ ইয়ুন বা বাংলাদেশি মুদ্রায় ৬ টাকা আছে।

# শ্রীলঙ্কা ওষুধের দাম ১৬% কমাচ্ছে

**আন্তর্জাতিক ডেস্ক :** কয়েক দশকের মধ্যে হওয়া সবচেয়ে বাজে অর্থনৈতিক সংকট কাটিয়ে ওঠার সম্ভাবনা দেখতে পাওয়া শ্রীলঙ্কা আগামী ১৫ জুন থেকে ৬০টি প্রয়োজনীয় ওষুধের দাম ১৬ শতাংশ কমাতে যাচ্ছে বলে জানিয়েছেন দেশটির স্বাস্থ্যমন্ত্রী। বিদেশি মুদ্রার রিজার্ভ ফুরিয়ে যাওয়া গত বছর ভয়াবহ অর্থনৈতিক সংকটে নিমজ্জিত হওয়ার পর ভারতের দক্ষিণ উপকূলে অবস্থিত দ্বীপদেশটিতে খাদ্য ও জ্বালানির দাম লাফিয়ে লাফিয়ে বাড়ে; তার ফলশ্রুতিতে বিক্ষুব্ধ জনতা দেশটির তখনকার প্রেসিডেন্টকে ক্ষমতা ছাড়তেও বাধ্য করেছিল।

# ডিজিটাল প্রযুক্তি ব্যবহারে সৌদিতে বৃহত্তম হজ পরিকল্পনা

**আন্তর্জাতিক ডেস্ক :** কোভিড মহামারীর প্রাদুর্ভাবের পর প্রথমবারের মতো হাজীদের সংখ্যার উপর বিধিনিষেধ তুলে নিয়েছে সৌদি আরব। সেই সাথে আগামী হজকে সর্বকালের বৃহত্তম হজে পরিণত করার জন্য পরিকল্পনা হাতে নিয়েছে দেশটি। এবারের হজে রোবটসহ নানা ডিজিটাল প্রযুক্তি ব্যবহার হচ্ছে হাজিদের সুবিধার্থে। মধ্যপ্রাচ্যের সংবাদ মাধ্যম আল অ্যারাবিয়া নিউজ জানিয়েছে, এবছর হজে অংশ নেওয়া লাখ লাখ হজযাত্রীদের সহায়তার জন্য রেকর্ড সংখ্যক ১৪ হাজার স্টাফ সদস্য এবং পাশাপাশি ৮ হাজারেও বেশি স্বেচ্ছাসেবক মোতায়েন করছে সৌদি আরব সরকার। সৌদি আরবের মক্কায় আগামী ২৬ জুন থেকে এবছরের হজ শুরু হবে বলে আশা করা হচ্ছে। দেশটি অনুমতিপ্রাপ্ত হজযাত্রীদের সংখ্যার উপর নিষেধাজ্ঞা তুলে নেয়ার কারণে প্রায় ২ দশমিক ৬ মিলিয়ন হাজী এবছর হজে অংশ নেবে বলে ধারণা করা হচ্ছে। সৌদি আরবে হাজীদের জন্য পবিত্র দুটি শহর মক্কা এবং মদিনার বিভিন্ন মসজিদে কোরআন তেলাওয়াতের ব্যবস্থা থাকবে। মক্কার গ্র্যান্ড মসজিদ এবং মদিনার মসজিদে নববীতে হাজীদের মধ্যে ৩ লাখ কপি কোরআন শরীফ তেলাওয়াতের জন্য বিতরণ করা হবে। সারাবিশ্ব থেকে আগত হাজীদের জন্য হজ সাইটে ৫১টি ভাষায় অনুবাদ পরিষেবা এবং গাইড চালু থাকবে। এছাড়াও ৩০ হাজারেরও বেশি বিতরণ পয়েন্টের মাধ্যমে মসজিদগুলোতে ৪০ মিলিয়ন লিটার জমজমের পানি বিতরণ করা হবে। হজযাত্রীদের সামগ্রিক অভিজ্ঞতা বাড়ানোর এবং প্রযুক্তিগত সহায়তার জন্য হজ সাইটগুলোতে মোবাইল অ্যাপ্লিকেশন, রোবটসহ ডিজিটাল প্রযুক্তি ব্যবহার করা হবে।

# চীন ও যুক্তরাষ্ট্রের ফলপ্রসূ আলোচনা, শান্তির আশা



**আন্তর্জাতিক ডেস্ক :** দীর্ঘদিন ধরেই বিভিন্ন ইস্যুকে কেন্দ্র করে যুক্তরাষ্ট্র এবং চীনের মধ্যে দ্বন্দ্ব চলে আসছে। তবে সম্প্রতি দুটি দেশই দ্বন্দ্ব নিরসনে আলোচনার আশ্রয় নিয়েছে। সর্বশেষ গত সোমবার চীনের রাজধানী বেইজিংয়ে দুই দেশের শীর্ষ পর্যায়ের নেতাদের মধ্যে গঠনমূলক ও ফলপ্রসূ বৈঠক অনুষ্ঠিত হয়েছে। জার্মান সংবাদমাধ্যম ডয়েচে ভেলের খবরে বলা হয়েছে, আলোচনায় যুক্তরাষ্ট্রের হয়ে অংশ নেন দেশটির এশিয়া-প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলবিষয়ক সহকারী পররাষ্ট্রমন্ত্রী ড্যানিয়েল ক্রিটেনব্রিঙ্ক এবং চীনের হয়ে অংশ নেন দেশটির উপ-পররাষ্ট্রমন্ত্রী মা ঝাওজু। ওয়াশিংটন এবং বেইজিং উভয়পক্ষই তাদের আলোচনা ফলপ্রসূ হয়েছে বলে জানিয়েছে। পাশাপাশি তারা যেকোনো বিষয়ে পরস্পরের সঙ্গে যোগাযোগ বজায় রাখার অঙ্গীকারও করেছেন। দুই দেশের শীর্ষ কর্মকর্তাদের পাশাপাশি বিশ্লেষকরা আশা প্রকাশ করেছেন, দুই দেশের এই যোগাযোগ বজায় রাখার অঙ্গীকার বিদ্যমান উত্তেজনা কমিয়ে শান্তি আনার ব্যাপারে ইতিবাচক ভূমিকা রাখবে। চীনের পররাষ্ট্র মন্ত্রণালয় জানিয়েছে, যুক্তরাষ্ট্র এবং চীনের জ্যেষ্ঠ কর্মকর্তাদের মধ্যে আলোচনা একটি আশাবাদ সৃষ্টি করেছে। তারা আরও বলেছে, ‘দুই পক্ষই চীন-মার্কিন সম্পর্ক বাড়ানোর পাশাপাশি দুই দেশের মধ্যে পার্থক্য কমানো এবং যেকোনো সমস্যা সমাধানের বিষয়ে অকপট, গঠনমূলক এবং ফলপ্রসূ আলোচনা করেছে।’ যুক্তরাষ্ট্রের পররাষ্ট্র বিভাগ থেকে প্রকাশিত এক বিবৃতিতেও আলোচনাকে ফলপ্রসূ এবং স্বতঃস্ফূর্ত হলে আখ্যা দেয়া হয়েছে। তারা বলেছে, উভয়পক্ষের মধ্যে সরাসরি আলোচনার জন্য উন্মুক্ত যোগাযোগ চ্যানেল বজায় রাখার কথা দুই দেশের মধ্যে উচ্চ পর্যায়ের কূটনৈতিক সম্পর্ক গড়ে তোলার প্রতিই ইঙ্গিত করে।

## বিনোদন



# ডিভোর্স চাইলেন পরীমণি!

**বিনোদন ডেস্ক :** ঢালিউডে আলোচিত-সমালোচিত জুটি পরীমণি ও শরীফুল রাজ। একে অপরকে ভালোবেসে বিয়ে করেছিলেন তারা। এবার তারা হাঁটছেন বিচ্ছেদের পথে। সম্প্রতি তিন অভিনেত্রীর সঙ্গে রাজের কিছু ব্যক্তিগত মুহূর্তের ছবি ও ভিডিও ফাঁস হয়েছে। এরপর স্বামী শরিফুল রাজকে ‘ফেক’ মানুষ বলে মন্তব্য করলেন পরীমণি। এই ফেক মানুষের সঙ্গে আর সংসার করতে চাননা বলে সাফ জানিয়ে দিলেন এই নায়িকা। বললেন, আমি চাই রাজ আমাকে ২৪ ঘণ্টার মধ্যে ডিভোর্স দিয়ে দিক। পরীমণি বলেন, এখন রাজ্যের মা আমার কাছে কমফোর্টেবল অনেক এবং অনেক আরাম, শান্তি ও সম্মানের। যেটার মধ্যে কোন ফেকনেস ও মিথ্যা নেই। গত সোমবার রাতে একটি সংবাদমাধ্যমে লাইভে এসে এ কথা বলেন চিত্রনায়িকা পরীমণি। তিনি বলেন, একটা ফেক মানুষের সঙ্গে থাকতে পারব না। যিনি একজন মানুষকে রেসপেক্ট ভেতর থেকে দেয় না, সেটা তো আপনি দেখাতে পারবেন না। অভিনেত্রী বলেন, কালকে আপনাদের সঙ্গে তার সঙ্গে কনভারসেশন হলো, সেটা দেখলে মানুষ স্পষ্ট বুঝতে পারবে যে, কতটা ফেক, কতটা রিয়েল। আমার তো বলার নেই কিছু। আমি সব কিছু পাবলিককে দিয়ে দিলাম। এছাড়া দাম্পত্য কলহের ব্যাপারে স্বামী রাজের সঙ্গে বসতে (সমঝোতায়) চান কিনা, এ প্রশ্নের জবাবে পরীমণি বলেন, আমি আর বসতে চাই না।

# প্রেমিকের সঙ্গে কাজল কন্যা নিসা

**বিনোদন ডেস্ক :** বলিউডে এখনো অভিষেক না ঘটলেও অভিনেতা অজয় দেবগন ও কাজলের মেয়ে নিসা দেবগনকে নিয়ে বলিপাড়ায় চর্চার কমতি নেই। সিনেমায় না হলেও বিভিন্ন পার্টিতে তার মুখ প্রায়ই দেখা যায়। ২০ বছরের তরুণী নিসা তার জীবনযাপনের কারণে এর মধ্যেই নিজের পরিচিতি তৈরি করে ফেলেছেন। ভবিষ্যতে পেশা হিসাবে অভিনয়কে বাছবেন কি না, তা এখনও পরিস্কার নয়। তবে এই মুহূর্তে জীবনকে উপভোগ করাই একমাত্র লক্ষ্য নিসার। সম্প্রতি তাকে প্রেমিক এবং বন্ধু দুইজনকে সঙ্গে নিয়ে লন্ডনে পপ তারকা বিয়ন্সের ‘রেনেসাঁ’ কনসার্ট উপভোগ করতে দেখা গেছে।

# বিচ্ছেদের আগেই নতুন প্রেমিক সাথে আলিয়া



**বিনোদন ডেস্ক :** নতুন সম্পর্কে মজেছেন বলিউড অভিনেতা নওয়াজউদ্দিন সিদ্দিকীর স্ত্রী আলিয়া সিদ্দিকী। আইনিভাবে এই অভিনেতার সঙ্গে বিচ্ছেদের আগেই নতুন সম্পর্কে জড়ালেন তিনি। বলিউড অভিনেতা নওয়াজউদ্দিন ও তাঁর স্ত্রী আলিয়ার বৈবাহিক জীবন নিয়ে একাধিক জলঘোলা হয়েছে। অভিনেতার বিরুদ্ধে শারীরিক এবং মানসিক নির্যাতনের অভিযোগ তুলেছেন স্ত্রী আলিয়া। এরপর থেকেই তাদের দাম্পত্য জীবনে কলহ শুরু হয়। একপর্যায়ে বিষয়টি গড়ায় আদালত পর্যন্ত। যদিও সেখানে তাদের আনুষ্ঠানিক বিবাহবিচ্ছেদ হয়নি। তার মধ্যেই রহস্যময় পুরুষের সঙ্গে ছবি পোস্ট করলেন আলিয়া সিদ্দিকি। লিখলেন,ও আমার কি ভালো থাকার অধিকার নেই।

# ‘দুই মিনিটের সেই দৃশ্যে অভিনয় করবো না’

**বিনোদন ডেস্ক :** কলকাতায় জনপ্রিয় অভিনেত্রী বাসবদত্তা। ইতোমধ্যে নিজের অভিনয়ের কারণে একটা জায়গা করে নিয়েছেন সেখানে। তার অনেক ভক্ত আছেন। নিজের ক্যারিয়ারে বেছে বেছেই কাজ করেছেন বেশি। অভিনয় করেছেন বেশ কিছু সিরিয়ালে। তবে বর্তমানে স্বামী সংসার নিয়েই ব্যস্ত সময় পার করছেন। এর মধ্যেও অল্পসংখ্যক কিছু কাজ করছেন। তবে কিছুকিছু জায়গায় তিনি ছাড় দিতে রাজি নন। সম্প্রতি একটি ভারতীয় সংবাদমাধ্যমকে দেওয়া সাক্ষাৎকারে এই অভিনেত্রী জানিয়েছেন, অভিনয়ের জন্য ছোট কাপড় পরতে সমস্যা নেই। তবে যৌন দৃশ্য এড়িয়ে যান তিনি। অভিনেত্রীকে যখন প্রশ্ন করা হয় যে ছোট পোশাক পরা বা চুম্বন দৃশ্যে অভিনয় করতে সম্মতি আছে কি না? উত্তরে অভিনেত্রী বলেন, ‘হাঁটুর ওপরে পোশাক পরতে আমার তেমন সমস্যা নেই। তবে দৃশ্য নিয়ে সমস্যা আছে।’ উদাহরণ টেনে বাসবদত্তা বলেন,‘উড়োজাহাজ’ সিনেমায় অভিনয়ের জন্য আমায় ডেকেছিলেন বুদ্ধদেব দাশগুপ্ত। দেখাও করেছিলাম। কিন্তু সেখানেও একটি দৃশ্য ছিল, যেটা শুনে বলেছিলাম আমি ওই দৃশ্যে অভিনয় করতে পারব না। এমন আরও একটি কাজ এসেছিল, যেখানে একটি ‘লিপলক’-এর দৃশ্য ছিল। তাই সেটাও না করে দেই। আমার নিজের কিছু নীতি আছে সেটা থেকে সরতে পারব না।

# শাহরুখের ছেলের পরিচালনায় রণবীর কাপুর

**বিনোদন ডেস্ক :** বলিউড বাদশাহ শাহরুখ খানের ছেলে আরিয়ান খান ওয়েব শোতে আত্মপ্রকাশ করতে যাচ্ছেন। তার ‘স্টারডম’ নিয়ে মানুষের মধ্যে উত্তেজনাও লক্ষ্য করার মতো। বাবার মতো অভিনয় নয়, আরিয়ানের হাতেখড়ি হবে পরিচালনা দিয়ে। শোনা যাচ্ছে, নিজের প্রথম কাজ নিয়ে অত্যন্ত পরিশ্রম করছেন তিনি। ওয়েব সিরিজের কাস্টিং থেকে লেখা, সব কিছুতেই বাড়তি নজর দিচ্ছেন তিনি। এবার শোনা যাচ্ছে এ সিরিজে দেখা মিলতে পারে রণবীর কাপুরের। নিজেকে পরিচালক হিসেবে অভিষেক করতে সবদিক থেকে নিখুঁত হয় সেই দিকে বিশেষ নজর দিচ্ছেন আরিয়ান খান। শোনা যাচ্ছে, দর্শকের পছন্দ মতো এবং বড় সফল প্রজেক্ট করার জন্য উঠে পড়ে লেগেছেন তিনি। সিরিজের জন্য প্রয়োজনীয় রিসার্চ থেকে এখন মুম্বাইয়ে শুটিং শুরু, সব কিছুতেই নিজের সেরাটা দিচ্ছেন আরিয়ান। কিছুদিন আগে জানা যায়, অনেক প্রতীক্ষিত এ সিরিজ ‘স্টারডম’। এতে মূল চরিত্রে দেখা যাবে লক্ষ্য লালওয়ানিকে। এরপরই ছয় পর্বের এ সিরিজ সম্পর্কে এক বিশেষ তথ্য সামনে উঠে আসছে। শোনা যাচ্ছে সিরিজে ক্যামিও চরিত্রে দেখা যাবে অভিনেতা রণবীর কাপুরকে। এরইমধ্যে সেই শুটিংও সেরে ফেলেছেন ‘রকস্টার’, খবরে এমনই জানা গেছে। ফলে সবার মধ্যেই উত্তেজনা আরও বাড়ছে। অনুরাগীদের এখন প্রশ্ন একটাই, ‘কী বিশাল জিনিস আনতে যাচ্ছেন আরিয়ান খান?’ রণবীর কাপুর ও শাহরুখ খানের বন্ধুত্বের কথা সবারই জানা।



# ‘পুরস্কার পেয়ে খুব ভালো লাগছে’

**বিনোদন ডেস্ক :** ভারতের টেলিসিনে পুরস্কার পেয়েছেন বাংলা সিনেমার জনপ্রিয় অভিনেত্রী বিদ্যা সিনহা মিম। তিনি বর্তমানে ভারতের কলকাতায় আছেন। মিম বলেন,ডেফিনেটলি ভালো লাগছে। পরাণ সিনেমার জন্য পুরস্কার পেয়ে ভীষণ ভালো লাগছে। বিশেষ করে নিজ দেশের সিনেমায় অভিনয় করে পুরস্কার পেলাম আরেকটি দেশ থেকে, এটা তো সত্যিই খুশির খবর। আমার ক্যারিয়ারে নতুন মাত্রা যোগ করবে এই পুরস্কার। তিনি আরও বলেন,ও পরাণ আমাদের দেশের দর্শকপ্রিয় একটি সিনেমা। বাংলাদেশ ছাড়াও পৃথিবীর নানান দেশে মুক্তি পেয়েছে ও প্রশংসা কুড়িয়েছে। আমার নিজেরও একটি পছন্দের সিনেমা পরাণ। সেটার জন্য পুরস্কার পেলাম, খুশি তো অবশ্যই।ও টেলিসিনে অ্যাওয়ার্ড একটি সম্মানজনক পুরস্কার। আমি, আফজাল হোসেন ভাই, চঞ্চল দাসহ বেশ কজন এসেছি। পুরস্কার পাওয়ার পর দুই দেশের শিল্পীরাও প্রশংসা করছেন। এটা আমাকে মুগ্ধ করেছে। মিম আরও বলেন,ও পরাণ আমাকে অনেক কিছু দিয়েছে। পরাণ যেখানেই চলেছে দর্শকরা লুফে নিয়েছে। আমার কাছে পরাণ একটি ভালোবাসার সিনেমা। সেই সিনেমার জন্য সম্মান যুক্ত হলো ক্যারিয়ারে, এটা মনে থাকবে অনেকদিন। যারা আমাকে পুরস্কার দিলেন, সম্মানিত করলেন, তাদের প্রতি কৃতজ্ঞতা। এভাবেই সবার ভালোবাসা নিয়ে অভিনয় করে যেতে চাই। এ ছাড়া পরাণ সিনেমার পুরো টিমের জন্যও কৃতজ্ঞতা জানাচ্ছি। মিম অভিনীত নতুন সিনেমা অন্তর্জাল মুক্তি পাচ্ছে আসছে ঈদুল আযহায়। দীপংকর দীপন পরিচালিত অন্তর্জাল সিনেমায় মিমকে দেখা যাবে নতুনভাবে। এটি দেশের প্রথম সাইবার ক্রাইম থ্রিলার সিনেমা। ইতোমধ্যে পোস্টার রিলিজ পেয়েছে এবং একাধিক মহাদেশে সিনেমাটি মুক্তির কথা শোনা যাচ্ছে।

# কারিশমার জীবন বদলে দেওয়া সিরিজ ‘স্কুপ’

**বিনোদন ডেস্ক :** কারিশমা তান্না। নামটি এখনও ওতোটা জনপ্রিয় না হলেও নেটফ্লিক্স সিরিজ ‘স্কুপ’ রিলিজের পর অনেকেই নতুন করে খোঁজ করছেন এই অভিনেত্রীকে। হানসাল মেহতার নেটফ্লিক্স সিরিজ ‘স্কুপ’-এ একজন সাংবাদিকের চরিত্রে কাজ করেছেন কারিশমা তান্না। এর আগে বেশ কিছু বলিউড মুভি করলেও কেন্দ্রীয় চরিত্র বা কাঙ্ক্ষিত চরিত্র না করলে যেমন ভক্তকুলের ভেতরে জায়গা তৈরি হয় না, তেমনই যেন নিজের জীবনের এমন একটি স্কুপের অপেক্ষায় ছিলেন তিনি। যা তার নিজস্ব একটি তারকা ইমেজ তৈরি করে দিল। তান্না বলেন, ‘হান্সল মেহতার কাছে এই চরিত্রটি করার জন্য বলিউডের বাঘা বাঘা নায়িকারা তাকে অনুরোধ করেছিলেন। কিন্তু আমার সামনেই তিনি না করেছেন। তার কাছে ‘জাগৃতি পাঠক’ চরিত্রটি যেন আমাকে ছাড়া আর কারো সাথে যায় না। এটা আমার জন্য বিশাল পাওয়া। আমার ক্যারিয়ারের অন্যতম টার্নিং এটি।’ মূলত একটি সত্য ঘটনা অবলম্বনে সাংবাদিকের লেখা বই এর গল্প নিয়েই এই সিরিজটির প্লট। যেখানে আরেক গুরুত্বপূর্ণ চরিত্রে কাজ করেছেন প্রসেনজিৎ। মাফিয়া দাউদ ইব্রাহীমসহ সন্ত্রাসীদের নানান খবর নিয়ে সংবাদ পত্রের ভেতরে যে ক্রাইসিস তৈরি হয়, তা নিয়েই স্কুপ সিরিজটি তৈরি। তান্না বলেন, একটি ভালো চরিত্র, ভালো ছবি বা চরিত্রের গুরুত্ব একজন অভিনেত্রীর জীবন বদলে দিতে পারে।